# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Baishakh 15, 1433 Bangla, April 28, 2026, Tuesday, No. 115, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has inaugurated re-excavation programme of Ulashi canal – urges countrymen to remain alert against any attempts to create chaos in country for political interest. [BBC: 03]

Tarique Rahman has announced that girls' education in Bangladesh will be free up to degree level. [R. Today: 24]

Bangladesh enters into nuclear energy era - fuel loading begins at Rooppur Nuclear Power Plant in Pabna today. [R. Today: 24]

Power, Energy and Mineral Resources Minister has said load shedding in country is expected to ease from next week as govt. has taken steps to increase renewable energy production. [R. Today: 22]

Home Minister has informed that a nationwide drive against drugs & gambling will be launched after 30th April. [BBC: 04]

Information and Broadcasting Minister has said, all countries of the world must work together to prevent misuse of digital platforms. [R. Today: 22]

At least eight people have been killed in thunderbolt in different districts of country - Government is accelerating multiple initiatives to protect farmers and fishermen from thunderbolt fatalities. [BBC: 07; Jago FM: 19]

Bangladesh has expressed solidarity with Saudi Arabia amid Middle East crisis showing keen interest in expanding bilateral cooperation. [R. Today: 24]

Iranian Foreign Minister has claimed that peace talks in Islamabad have failed due to excessive demands of US. [BBC: 09]

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ১৫, বাংলা ১৪৩৩, এপ্রিল ২৮, ২০২৬, মঙ্গলবার, নং- ১১৫, ৫৬তম বছর**

# শিরোনাম

রাজনৈতিক স্বার্থে দেশে যেকোনো ধরনের বিশৃঙ্খলা সৃষ্টির প্রচেষ্টার বিরুদ্ধে জনগণকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [বিবিসি: ০৩]

মেয়েদের শিক্ষাব্যবস্থা ডিগ্রি পর্যন্ত বিনামূল্যে করার ঘোষণা প্রধানমন্ত্রীর। [রে. টুডে: ২৪]

পাবনার রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে আজ শুরু হচ্ছে জ্বালানি লোডিং কার্যক্রম। [রে. টুডে: ২৪]

আগামী সপ্তাহের মধ্যে বিদ্যুতের লোডশেডিং পরিস্থিতির উন্নতি হবে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী । [রে. টুডে: ২২]

আগামী ৩০ এপ্রিলের পরে সারাদেশে মাদক ও জুয়ার বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হবে ---- জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী । [বিবিসি: ০৪]

তথ্য ও সম্প্রচার মন্ত্রী বলেছেন, ডিজিটাল প্ল্যাটফর্মের অপব্যবহার রোধে বিশ্বের সকল দেশকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। [রে. টুডে: ২২]

দেশের বিভিন্ন জেলায় বজ্রপাতে অন্তত ৮ জনের প্রাণহানি - হাওরসহ দেশের বিভিন্ন অঞ্চলে বজ্রপাতজনিত মৃত্যু কমাতে কৃষক ও জেলেদের জন্য উদ্যোগ নিয়েছে সরকার। [বিবিসি: ০৭; জাগো এফএম: ১৯]

চলমান মধ্যপ্রাচ্য সংকটের মধ্যে সৌদি আরবের প্রতি সংহতির বার্তা বাংলাদেশের - অর্থনীতি ও জ্বালানি খাতে দ্বিপক্ষীয় সহযোগিতা সম্প্রসারণে আগ্রহ প্রকাশ । [রে. টুডে: ২৪]

যুক্তরাষ্ট্রের অতিরিক্ত চাহিদার কারণে ইসলামাবাদে শান্তি আলোচনা ব্যর্থ হয়েছে বলে দাবি করেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী । [বিবিসি: ০৯]

# বিবিসি

## কিছু ব্যক্তি ও রাজনৈতিক দল দেশের মানুষকে বিভ্রান্ত করে বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করছে: প্রধানমন্ত্রী

রাজনৈতিক স্বার্থে গণভোট ও জুলাই সনদকে বিভ্রান্ত করার চেষ্টা করছে এমন ব্যক্তিদের প্রশ্রয় না দিতে জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন, কিছু ব্যক্তি ও রাজনৈতিক দল এখন গণভোটকে ভিন্ন পথে পরিচালিত এবং দেশের মানুষকে বিভ্রান্ত করে বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করছে। সোমবার দুপুরে যশোরের শার্শা উপজেলার ঐতিহাসিক উলসী খালের পাড়ে পুনঃখনন কাজের উদ্বোধন শেষে আয়োজিত এক সংক্ষিপ্ত সমাবেশে তিনি এসব কথা বলেন। বাংলাদেশের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা বাসস এই খবর প্রকাশ করেছে। প্রধানমন্ত্রী বলেন, "যারা গণভোটের রায়কে ভিন্ন খাতে নেওয়ার চেষ্টা করছে এবং নিজেদের রাজনৈতিক স্বার্থে জুলাই সনদকে ভুলভাবে উপস্থাপন করছে, তাদের বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে।„ তিনি আরো বলেন, "যারা নিজেদের রাজনৈতিক স্বার্থ হাসিলের জন্য বিশৃঙ্খলা সৃষ্টি করতে চায়, যদি তারা এটা করতে না পারে, তবে জনগণের জন্য নেওয়া সমস্ত কর্মসূচি যেমন : নারীদের জন্য ফ্যামিলি কার্ড, কৃষকদের জন্য কৃষক কার্ড, খাল খনন কর্মসূচি, বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য বন্ধ মিল কারখানা চালুর যে কর্মসূচি, স্বাস্থ্য সেবা গ্রামে গ্রামে পৌঁছে দেওয়ার কর্মসূচি, বৃক্ষরোপণের যে কর্মসূচিগুলো রয়েছে, সেগুলো বাস্তবায়নে তারা ব্যাঘাত সৃষ্টি করবে।„

দেশের অগ্রগতি যেন কেউ বাধাগ্রস্ত করতে না পারে, তা নিশ্চিত করতে জনগণকেই দায়িত্বশীল ভূমিকা রাখতে হবে উল্লেখ করে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, "রাজনৈতিক দলগুলোর স্বাক্ষরিত জুলাই সনদ ধাপে ধাপে এবং সম্পূর্ণভাবে বাস্তবায়ন করা হবে।„ প্রধানমন্ত্রী ৫ আগস্টের গণ-অভ্যুত্থানের কথা স্মরণ করিয়ে দিয়ে বলেন, "জনগণ ইতোমধ্যেই প্রমাণ করেছে, তারা তাদের ইচ্ছা কে উপেক্ষা করার চেষ্টা মেনে নেয় না। যেভাবে জনগণ ৫ আগস্ট উপযুক্ত জবাব দিয়েছে, ভবিষ্যতেও কেউ তাদের ভাগ্য নিয়ে খেলতে চাইলে, তারা একইভাবে জবাব দেবে।„ সরকারের বিভিন্ন উন্নয়ন উদ্যোগের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, "এসব কার্যক্রম সফলভাবে বাস্তবায়িত হলে দেশের মানুষের জীবনে ইতিবাচক পরিবর্তন আসবে।„ প্রধানমন্ত্রী বলেন, "আজ আমাদেরকে শপথ নিতে হবে। ২০ কোটি মানুষের ৪০ কোটি হাত আজ বসে থাকলে চলবে না। ২০ কোটি মানুষের ৪০ কোটি হাতকে দেশ গঠনের কাজে লাগাতে হবে, ২০ কোটি মানুষের ৪০ কোটি হাত আজকে দেশের মানুষের ভাগ্য পরিবর্তনের কাজে লাগাতে হবে, তাহলেই এই দেশের মানুষের ভাগ্যের পরিবর্তন হবে।„ তিনি বলেন, "আমাদের চোখের সামনে দিয়ে গত ৫০ বছর পৃথিবীর অনেক দেশ তাদের ভাগ্যের পরিবর্তন করেছে, পৃথিবীর অনেক দেশের মানুষের ভাগ্যের পরিবর্তন হয়েছে, যেই সিঙ্গাপুরকে নিয়ে আমরা মাঝে মাঝে গল্প করি, সেই সিঙ্গাপুরের অবস্থা ১৯৭১ সালে আমাদের চেয়েও খারাপ ছিল। আজ ৫০ বছরে তারা কোথায় চলে গিয়েছে। তারা যদি পারে, আমরা কেন পারবো না ? ইনশাল্লাহ আমরাও পারব। এই দেশের মানুষ পারবে।„(বিবিসি ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ রুবাইয়া)

## সংরক্ষিত মহিলা আসনে ৪৯ জনের বৈধ প্রার্থীর নামের তালিকা প্রকাশ

ত্রয়োদশ জাতীয় সংসদের ৫০টি সংরক্ষিত মহিলা আসনে বিভিন্ন দলের ৪৯ জন বৈধ প্রার্থীর নামের তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন। এর মধ্যে বিএনপির ৩৬ জন, জামায়াতে ইসলামী ও ১১ দলীয় জোটের ১২ জন এবং স্বতন্ত্র একজন রয়েছেন তালিকায়। বিএনপির সংরক্ষিত নারী আসনের তালিকায় সেলিমা রহমান, নিপুণ রায় চৌধুরী, নিলোফার চৌধুরী মনি, ফাহমিদা হক এবং আন্না মিনজসহ ৩৬ জন নারীর নাম রয়েছে। মারজিয়া বেগম, সাবিকুন্নাহার, মারদিয়া মমতাজ, তাসমিয়া প্রধান, মাহমুদা আলম মিতুসহ ১২ জন জামায়াতে ইসলামী ও তাদের জোটের পক্ষ থেকে মনোনীত হয়েছেন। তবে, জামায়াতের এই জোটের পক্ষে মনোনীত প্রার্থীর তালিকায় মনিরা শারমীনের নাম নেই। এছাড়া সুলতানা জেসমিন নামে একজন স্বতন্ত্রভাবে মনোনয়ন পেয়েছেন।(বিবিসি ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ এলিনা)

## ঢাবি শিক্ষার্থীর মিমোর আত্মহত্যা, অভিযুক্ত শিক্ষককে কারাগারে পাঠিয়েছে আদালত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের শিক্ষার্থী মুনিরা মাহজাবিন মিমোর আত্মহত্যায় প্ররোচনার অভিযোগে করা মামলায় গ্রেফতার সহযোগী অধ্যাপক সুদীপ চক্রবর্তীকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন ঢাকার একটি বিচারিক আদালত। সোমবার তাকে আদালতে হাজির করে মামলাটির তদন্ত শেষ না হওয়া পর্যন্ত কারাগারে আটক রাখার আবেদন করেন তদন্ত কর্মকর্তা ও বাড্ডা থানার উপ-পরিদর্শক কাজী ইকবাল হোসেন। গ্রেফতার মি. চক্রবর্তীর আইনজীবী ফুল মোহাম্মদ জামিনের আবেদন করেছেন। তবে শুনানি শেষে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেয় ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রিপন হোসেন। পুলিশের করা আবেদনে বলা হয়, তদন্তকালে এজাহারনামীয় আসামি সুদীপ চক্রবর্তীকে শনাক্ত ও গ্রেফতারের চেষ্টার সময় গোপন সংবাদের ভিত্তিতে রোববার ৩টা ২০ মিনিটে উত্তর বাড্ডা থেকে আটক করে হেফাজতে নেওয়া হয়। তাকে এ মামলায় গ্রেফতার দেখিয়ে মামলার ঘটনার বিষয়ে জিজ্ঞাসাবাদ করা হয়। প্রাথমিক তদন্তে তার বিরুদ্ধে ঘটনায় জড়িত থাকার তথ্য-প্রমাণ পাওয়া যাচ্ছে। এমতাবস্থায় মামলাটির সুষ্ঠু তদন্ত ও ন্যায় বিচারের স্বার্থে তদন্ত কাজ শেষ না হওয়া পর্যন্ত তাকে জেলহাজতে আটক

রাখা একান্ত প্রয়োজন। মামলা তদন্তের স্বার্থে ভবিষ্যতে তার রিমান্ডের প্রয়োজন হতে পারে বলেও তদন্ত কর্মকর্তা আবেদনে উল্লেখ করেন। উল্লেখ্য, রোববার রাজধানীর উত্তর বাড্ডায় নিজ বাসায় ঢাবি শিক্ষার্থী মুনিরা মাহজাবিন মিমোর ঝুলন্ত মরদেহ উদ্ধার করে পুলিশ। এসময় একটি চিরকুট পাওয়া যায়। এটিতে লেখা ছিল, 'সুদীপ স্যারকে ৫০ হাজার টাকা দিতে হবে। হানি আর সুদীপ স্যার ভালো থাকো। স্যারের দেওয়া গিফটগুলো ফেরত দেওয়া ...।„ পরে আত্মহত্যায় প্ররোচনার অভিযোগে তার বাবা মোহাম্মদ গোলাম মোস্তফা বাদী হয়ে সুদীপ চক্রবর্তীকে আসামি করে মামলা করেন।(বিবিসি ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ এলিনা)

## ৩০ এপ্রিলের পর সারা দেশে মাদকের বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হবেঃ স্বরাষ্ট্রমন্ত্রী

আগামী ৩০ এপ্রিলের পরে ত্রয়োদশ জাতীয় সংসদের চলমান অধিবেশন শেষ হলে সারা দেশে মাদক, জুয়ার বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। সোমবার জাতীয় সংসদ অধিবেশনে এ কথা জানান তিনি। মি. আহমদ বলেন, "নির্বাচনি ইশতেহার অনুযায়ী, জাতির কাছে প্রদত্ত প্রতিশ্রুতি অনুযায়ী জুয়া, অনলাইন জুয়া এবং মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা করেছি।" "আগামী ৩০ এপ্রিলের পরে এই মহান সংসদের সেশন শেষ হলে আমরা সমন্বিতভাবে এ বিষয়ে সারা দেশে একটি অভিযান পরিচালনা করবো", বলেন মি. আহমদ। একইসঙ্গে, অনুমোদনবিহীন সিসা লাউঞ্জ পরিচালনাকারীদের বিরুদ্ধে আইন-শৃঙ্খলা বাহিনীর সাথে সমন্বয়ের মাধ্যমে মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরসহ যৌথ অভিযান পরিচালনা করা হচ্ছে বলেও জানান তিনি। কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রশাসনিক সহযোগিতার মাধ্যমে এ ধরনের অভিযোগ পাওয়া গেলে পদক্ষেপ গ্রহণ করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। অবৈধ সিসা লাউঞ্জ সম্পূর্ণরূপে বন্ধে ঢাকা সিটি করপোরেশন সম্পূর্ণ তৎপর রয়েছে বলেও জানান তিনি। অবৈধ সিসা বার বন্ধে পুলিশও বিভিন্ন পদক্ষেপ নিয়েছে বলে সংসদে জানান স্বরাষ্ট্রমন্ত্রী।(বিবিসি ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ এলিনা)

## সংরক্ষিত নারী আসনে এনসিপি নেত্রী নুসরাতের মনোনয়নপত্র গ্রহণে ইসিকে নির্দেশ হাইকোর্টের

জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের নির্বাচনে জাতীয় নাগরিক পার্টির নুসরাত তাবাসসুমের মনোনয়নপত্র গ্রহণ করতে নির্বাচন কমিশনকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সোমবার হাইকোর্টের একটি দ্বৈত বেঞ্চ এই আদেশ দিয়েছেন। প্রার্থিতা ফিরে পেতে সকালে হাইকোর্টে রিট করেছিলেন নুসরাত তাবাসসুম। আগামী ১২ মে অনুষ্ঠিত হতে যাওয়া ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের নির্বাচনে অংশ নিতে গত ২২ এপ্রিল ছিল মনোনয়নপত্র জমা দেয়ার শেষ দিন। ওইদিন নির্ধারিত সময়ের পর মনোনয়নপত্র জমা দেওয়ায় নুসরাত তাবাসসুমের মনোনয়নপত্র বাতিল করে নির্বাচন কমিশন। একইসঙ্গে এনসিপিরই যুগ্ম আহ্বায়ক মনিরা শারমিনের প্রার্থিতা স্থগিত করেছে নির্বাচন কমিশন।
(বিবিসি ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ এলিনা)

## বাংলাদেশে ভারতের নতুন হাইকমিশনার সাবেক কেন্দ্রীয় মন্ত্রী দিনেশ ত্রিবেদি

বাংলাদেশে নতুন হাইকমিশনার হিসাবে বিজেপি নেতা দিনেশ ত্রিবেদিকে নিয়োগ দিয়েছে ভারত। সোমবার ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের একটি সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। সেখানে বলা হয়েছে, খুব তাড়াতাড়ি তিনি দায়িত্বভার গ্রহণ করবেন। বাংলাদেশে বর্তমানে দায়িত্বরত প্রণয় ভার্মার স্থলাভিষিক্ত হবেন মি. ত্রিবেদি। ভারতের দ্যা হিন্দু পত্রিকার একটি প্রতিবেদনে বলা হয়েছে, গুজরাটে জন্ম হলেও, পশ্চিমবঙ্গের সঙ্গে বরাবর তার ঘনিষ্ঠ যোগাযোগ রয়েছে। বর্তমানে তিনি বিজেপির নেতা হলেও, অতীতে অলইন্ডিয়া তৃণমূল কংগ্রেসের নেতা হিসাবে কেন্দ্রীয় মন্ত্রিসভায় দায়িত্ব পালন করেছিলেন। তিনি তৃণমূল কংগ্রেসের একজন প্রতিষ্ঠাতা সদস্যদের একজন। ২০০৯ থেকে ২০১২ সালের মধ্যে তৃণমূল কংগ্রেসের নেতা হিসেবে তখনকার কংগ্রেস নেতৃত্বাধীন এনডিএ সরকারে প্রথমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক প্রতিমন্ত্রী, পরে রেলমন্ত্রীর দায়িত্ব পালন করেন। ২০২১ সালে বিজেপিতে যোগদান করেন। মি. ত্রিবেদি দুইবার লোকসভার সদস্য আর তিনবার রাজ্যসভার সদস্য ছিলেন। বাংলাদেশে জুলাই গণ-অভ্যুত্থানে শেখ হাসিনা সরকারের পতন, ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রীর ভারতে অবস্থানের পর দুই দেশের সম্পর্ক তলানিতে গিয়ে ঠেকেছিল। বর্তমানে বিএনপি সরকার ক্ষমতায় আসার পর দুই দেশের সেই সম্পর্ক উন্নয়নের চেষ্টা হচ্ছে বলে ধারণা করা হচ্ছে। এমন এক প্রেক্ষাপটে ঢাকায় দিনেশ ত্রিবেদিকে নতুন হাইকমিশনার নিয়োগ করল ভারত।
(বিবিসি ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ এলিনা)

## বাংলাদেশে সবচেয়ে বেশি বজ্রপাত হয় কোন জেলায়, কেন

বাংলাদেশে এক দশকে বজ্রপাতে সাড়ে তিন হাজারের বেশি মানুষের মৃত্যুর তথ্য দিচ্ছে সরকারি সূত্রগুলো। দশ বছর আগে এটিকে জাতীয় দুর্যোগ হিসেবে ঘোষণা করা হলেও, প্রাণহানি থেমে নেই। এখনও প্রায় প্রতি বছরই বাংলাদেশে শতাধিক মানুষ বজ্রপাতে প্রাণ হারাচ্ছেন। বাংলাদেশে সাধারণত মার্চ, এপ্রিল ও মে মাসে সবচেয়ে বেশিসংখ্যক বজ্রঝড়-বজ্রপাত হয় এবং এই দুর্যোগ সবচেয়ে বেশি হয় দেশের উত্তর-পূর্ব দিকের অঞ্চল সিলেটে। আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, বজ্রপাতে সবচেয়ে বেশি প্রাণহানির ঘটনাও ঘটে সিলেটেই। সর্বশেষ গত ২৬ এপ্রিল দেশের কয়েকটি জেলায় বজ্রপাতে অন্তত ১২ জনের মৃত্যু হয়েছে।

### এক দশকে মৃত্যু সাড়ে তিন হাজারের বেশি

পত্রপত্রিকা খুললেই বজ্রপাতে মৃত্যুর খবর দেখা যায়। কিন্তু বজ্রপাতে মৃত্যুর হার ঠিক কত, আগে তা হিসাব করা হতো না। তবে ২০১৫ সালে বজ্রপাতকে দুর্যোগ ঘোষণা করা হয়। তারপর থেকে অন্যান্য দুর্যোগে প্রাণহানির তথ্যের পাশাপাশি এই তথ্যও সংরক্ষণ করা হয়। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ২০১৫ থেকে ২০২৫ সালের মাঝে বাংলাদেশে বজ্রপাতে মারা গেছে মোট ৩ হাজার ৬৫৮ জন। বজ্রপাতে মৃত্যুর সেই পরিসংখ্যান বিশ্লেষণ করলে দেখা যায়, গত এক দশকে এই সংখ্যা উল্লেখযোগ্যভাবে ওঠানামা করেছে এবং একটি সময় পর্যন্ত এর প্রবণতা ছিল উর্ধ্বমুখী। এর মাঝে ২০১৫ সালে বজ্রপাতে মৃত্যুর সংখ্যা ছিল ২২৬ জন। পরের বছর ২০১৬ সালে এটি বেড়ে দাঁড়ায় ৩৯১ জনে। ২০১৭ সালে কিছুটা কমে ৩৮৮ জন হলেও, ২০১৮ সালে আরও কমে ৩৫৯ জনে নেমে আসে। এরপর ২০১৯ সালে আবার বৃদ্ধি পেয়ে মৃত্যুর সংখ্যা দাঁড়ায় ৪০১ জনে এবং ২০২০ সালে সর্বোচ্চ ৪২৭ জনে পৌঁছায়। অর্থাৎ, এই সময়টিতে বজ্রপাতজনিত মৃত্যু উল্লেখযোগ্যভাবে বেড়েছিল। তবে ২০২১ সাল থেকে ধীরে ধীরে বজ্রপাতে মৃত্যু কমার প্রবণতা দেখা যায়। ওই বছর ৩৬৩ জন, ২০২২ সালে ৩৩৭ জন এবং ২০২৩ সালে ৩২২ জনের মৃত্যু হয়। ২০২৪ সালে এটি আরও কমে ২৭১ জনে নেমে আসে এবং ২০২৫ সালে উল্লেখযোগ্যভাবে কমে দাঁড়ায় ১৭৩ জনে।

আবহাওয়াবিদ ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক এ প্রসঙ্গে বিবিসি বাংলাকে বলেন, চলতি বছরেও এখন পর্যন্ত বজ্রপাতে ২৮ থেকে ৩০ জন মানুষ মারা গেছে বলে ধারণা করা হচ্ছে। তবে সামগ্রিক পর্যালোচনায় দেখা যায়, ২০২০ সালের পর থেকে বজ্রপাতে মৃত্যুর সংখ্যা ধারাবাহিকভাবে কমছে। এর পেছনে '২০১৯-২০২০ সাল থেকে বজ্রপাতের দুই-চার ঘণ্টা আগে আবহাওয়া অধিদপ্তর থেকে দেওয়া আগাম সতর্কতা, সামাজিক সচেতনতামূলক কার্যক্রম বাড়ানো ও প্রতিরোধমূলক পদক্ষেপ গ্রহণ' ভূমিকা রেখেছে বলে মনে করেন মি. মল্লিক। তবে তিনি এটিও বলেন যে, পর্যাপ্ত তথ্য না থাকার কারণে এটি নিশ্চিতভাবে বলা সম্ভব না যে, এখন বজ্রপাতে মারা যাওয়ার হার ২০১৫ সালের আগের সময়ের তুলনায় বেশি, নাকি কম। আবহাওয়া অফিস জানিয়েছে, বাংলাদেশের সিলেটের সুনামগঞ্জ জেলায় সবচেয়ে বেশি বজ্রপাত হয়। জেলার ভেতরে জামালগঞ্জ উপজেলাই সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ এলাকা হিসেবে চিহ্নিত। গত এক দশকে বজ্রপাতে সবচেয়ে বেশি প্রাণহানির ঘটনাও ঘটেছে এই উপজেলাতেই। এর বাইরে নেত্রকোনা, হবিগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, মৌলভীবাজার, রাজশাহী, যশোর, কুষ্টিয়া, সাতক্ষীরা, মেহেরপুর, ফরিদপুর, মাদারীপুর, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, বান্দরবান, রাঙামাটি, বরিশালের খেপুপাড়াসহ আরও কিছু এলাকায় তুলনামূলক বেশি বজ্রপাত হয়। মূলত, ভৌগোলিক অবস্থান ও আবহাওয়াগত বৈশিষ্ট্যের কারণে সিলেটে বজ্রপাত বেশি ঘটে।

### সর্বোচ্চ মৃত্যু সিলেটে, কোন কোন অঞ্চল ঝুঁকিপূর্ণ

এর ব্যাখ্যায় আবহাওয়াবিদ আবুল কালাম মল্লিক বলেন, "জলীয় বাষ্প সমৃদ্ধ এলাকার আশেপাশেই বজ্রপাত বেশি হয়। এক্ষেত্রে সিলেট অঞ্চলে বড়ো বড়ো হাওর রয়েছে, যা থেকে প্রচুর জলীয় বাষ্প তৈরি হয়। একইসঙ্গে বঙ্গোপসাগর থেকে আসা জলীয় বাষ্প সমৃদ্ধ বাতাস দক্ষিণ-পশ্চিম দিক দিয়ে সিলেট অঞ্চলে প্রবেশ করে। এই আর্দ্র বাতাস সিলেটের উত্তর-পূর্ব দিকের পাহাড়ের সঙ্গে সংঘর্ষে বাধাপ্রাপ্ত হয়ে দ্রুত উপরের দিকে উঠে যায়।„ এই উর্ধ্বগামী আর্দ্র বাতাস ঠান্ডা হয়ে ঘনীভূত হলে মেঘ তৈরি হয়, বিশেষ করে কিউমুলোনিম্বাস বা বজ্রমেঘ। এই প্রক্রিয়াই বজ্রঝড় ও বজ্রপাতের জন্য অনুকূল পরিবেশ তৈরি করে। এছাড়া, উত্তর-পশ্চিম দিক থেকে আসা শুষ্ক ও গরম বাতাসের সঙ্গে বঙ্গোপসাগর থেকে আসা আর্দ্র বাতাসের সংঘর্ষও বজ্রপাতের একটি বড়ো কারণ। এই দুই ধরনের বাতাসের মিলনস্থল হিসেবে সিলেটসহ উত্তর-পূর্বাঞ্চল এবং দেশের কিছু উত্তর-পশ্চিমাঞ্চলীয় জেলা বেশি ঝুঁকিপূর্ণ হয়ে ওঠে। অন্যদিকে, ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় পাহাড়ি অঞ্চল এবং হিমালয়ের পাদদেশ ঘিরে যে আবহাওয়াগত ব্যবস্থা তৈরি হয়, তার প্রভাবও বাংলাদেশে পড়ে। এসব অঞ্চল থেকে তৈরি হওয়া বজ্রমেঘ পশ্চিমবঙ্গ হয়ে রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, কুষ্টিয়া, যশোরসহ বিভিন্ন জেলায় প্রবেশ করে এবং স্থানীয় জলীয় বাষ্পের সঙ্গে মিশে আরও শক্তিশালী হয়ে ওঠে।

সব মিলিয়ে, হাওরের জলীয় বাষ্প, পাহাড়ের বাধা এবং ভিন্ন ধরনের বায়ুপ্রবাহের সংঘর্ষ- এই তিনটি প্রধান কারণে সিলেট ও আশপাশের এলাকায় বজ্রপাতের প্রবণতা বেশি দেখা যায়। আবহাওয়া অফিসের তথ্যগুলো বিশ্লেষণ করলে দেখা যায়, গত কয়েক বছরে বজ্রপাত দেশের প্রায় সব জেলাতেই প্রভাব ফেলেছে এবং আক্রান্ত জেলার সংখ্যা মোটামুটি স্থিতিশীল রয়েছে। ২০১৫ সালে দেশের ৪৫টি ও ২০১৬ সালে ৫৭টি জেলায় বজ্রপাত হয়েছিল। ২০১৭ সালে

জেলার সংখ্যা বেড়ে ৬০টিতে দাঁড়ালেও ২০১৮ সালে তা কিছুটা কমে ৫০-এ নেমে আসে। এর পরের বছর, দেশের ৫৬টি জেলায় বজ্রপাতের প্রভাব দেখা গেছে এবং সে বছর চার শতাধিক নিহতের পাশাপাশি মোট ১০৮ জন নিহতও হয়েছে। আর ২০২০ সালে তো দেশের ৫৯টি জেলায় সর্বোচ্চসংখ্যক মানুষ নিহত হয়েছিল এবং আহত হয়েছিল ৮৮ জন। এছাড়া, ২০২১ সালে ৫৭টি জেলায় ১২৪ জন, ২০২২ সালে ৫৮টি জেলায় ৮৭ জন, ২০২৩ সালে ৫৬টি জেলায় ৬১ জন, ২০২৪ সালে ৬৪টি জেলায় ৫৩ জন আহত হয়েছিল। সামগ্রিকভাবে বলা যায়, বজ্রপাতের ভৌগোলিক বিস্তৃতি কমেনি, বরং কিছুটা বেড়েছে, তবে সাম্প্রতিক সময়ে আহতের সংখ্যা কমার প্রবণতা দেখা যাচ্ছে।

**বছরের কোন সময় বজ্রঝড়, বজ্রপাত বেশি হয়?**

বাংলাদেশের ৩৮ শতাংশ বজ্রসহ ঝড় হয় মার্চ, এপ্রিল ও মে (বৈশাখ) মাসে হয়। আর জুন, জুলাই, আগস্ট ও সেপ্টেম্বরে (বর্ষাকাল) হয় ৫১ শতাংশ। কিন্তু "তাণ্ডব, ক্ষয়ক্ষতি, প্রাণহানি বেশি হয় বৈশাখ মাসের বজ্রসহ ঝড়ে। বর্ষাকালের চেয়ে বৈশাখ মাসের ঝড় ধ্বংসাত্মক, গুরুত্বপূর্ণ,„ বলছিলেন আবহাওয়াবিদ আবুল কালাম মল্লিক। বৈশাখ মাসে ঝড় রুদ্রমূর্তি ধারণ করে বলেই বাংলাদেশ ও ভারতের পশ্চিমবঙ্গে স্থানীয়ভাবে একে কালবৈশাখি বলা হয়। কিন্তু পুস্তকের ভাষায় এটি বজ্রঝড়। অর্থাৎ, মার্চ-মে মাসের ঝড়কে কালবৈশাখি ঝড় বলা হলেও আর জুন-সেপ্টেম্বরে ঝড় হলে তা কালবৈশাখি না, বজ্রসহ ঝড়। বাংলাদেশের পশ্চিমাঞ্চলে সাধারণত শেষ বিকেলে এবং সন্ধ্যার দিকে কালবৈশাখি হয়। কিন্তু পূর্বাঞ্চলে সন্ধ্যার পরে হয়। তবে কালবৈশাখি কোথায়, কতক্ষণ হবে, সেটি আগে থেকেই জানিয়ে দেওয়ার মতো বৈজ্ঞানিক কোনো উপায় এখনো নেই। আবার এটি হঠাৎ করে ধেয়েও আসে না। মূলত, ব্যাপক গরমে ঈশান কোণে জমা হওয়া কালোমেঘ বা বজ্রমেঘ এ ঝড়ের আভাস দেয়। আবহাওয়াবিদ বজলুর রশিদ এর আগে বিবিসি বাংলাকে বলেছিলেন, এটি তৈরি হয় পাঁচ বা ছয় ঘণ্টা আগে, আর শতভাগ বোঝা যায় দুই বা তিন ঘণ্টা আগে। "অর্থাৎ, পশ্চিমবঙ্গে তৈরি হলে ঢাকায় আসতে যতক্ষণ লাগে, সেটি বলে দেওয়া যায়। আর কোথাও কোথাও অন্য লক্ষণ দেখে বিকেলের ঝড় সম্পর্কে সকালে কিছুটা বলা সম্ভব হতে পারে।„

কালবৈশাখি ঝড়ের স্থায়িত্বকাল খুব বেশি হয় না। তবে কখনও কখনও এ ঝড় এক ঘণ্টারও বেশি স্থায়ী হতে দেখা গেছে। তবে এই ঝড় হয় বিস্তীর্ণ এলাকা জুড়ে। আবহাওয়াবিদ মি. মল্লিক জানান, বজ্রঝড়ের সময় ঊর্ধ্বাকাশে ২৭ হাজার ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা তৈরি হয়। যেখানে সূর্যের তাপমাত্রাই থাকে ছয় হাজার ডিগ্রি সেলসিয়াস। "এই তাপমাত্রা যে এলাকার মেঘমালায় তৈরি হয়, সেই মেঘমালায় তখন বিস্ফোরণ হয়। অর্থাৎ, মেঘের সম্প্রসারণ হয়। সেই সম্প্রসারণ এত তাড়াতাড়ি হয় যে, তখন বজ্রধ্বনি তৈরি হয়। বজ্রপাত ও বজ্রধ্বনি একই সময়ে সংঘটিত হয়। শব্দের গতিবেগ কম বলে আলো আগে দেখি।„ অর্থাৎ, বজ্রসহ ঝড়ের সাথে মেঘের নিবিড় সম্পর্ক রয়েছে এবং বজ্রসহ ঝড়ের সময় আকাশে বিদ্যুৎ চমকানো, বজ্রপাত, শিলাবৃষ্টি, ভারী বৃষ্টি, ঝড়ো বা দমকা হাওয়া হতে পারে।

এ নিয়ে মি. মল্লিক বলছিলেন, "বজ্রসহ ঝড়ের সময় মেঘ উপরের দিকে উঠে। ভূ-পৃষ্ঠের তিন কিলোমিটার উপর থেকে আরো ১০-১২ কিলোমিটার পর্যন্ত থাকে। কোনো কোনো বজ্রমেঘ যদি তীব্র আকার ধারণ করে, তখন তা ১৮-২০ কিলোমিটার পর্যন্তও উঠতে পারে।„ এই মেঘের ভেতরে থাকে অসংখ্য ছোটো ছোটো জলকণা ও বরফকণা। মেঘের একটি অংশ থাকে হিমাংক রেখার উপরে, যেখানে তাপমাত্রা শূন্য ডিগ্রি সেলসিয়াসের নিচে। মেঘ যত উপরের দিকে যায়, কণাগুলো একে অপরের সাথে মিলে ধীরে ধীরে জমাট বাঁধে ও বড়ো হতে থাকে। যখন কণাগুলো ভারী হয়ে যায়, তখন সেগুলো নিচের দিকে নামতে শুরু করে। এগুলো নিচে নামতে নামতে উষ্ণ স্তরে এলে গলতে শুরু করে। যদি নিচের বাতাস খুব গরম হয়, তাহলে সেগুলো পুরোপুরি গলে বাতাসেই মিলিয়ে যেতে পারে, আর যদি পুরোপুরি না গলে, তাহলে শিলা বা বৃষ্টির ফোঁটা হিসেবে মাটিতে পড়ে।

**বজ্রপাত থেকে বাঁচতে হলে কী করতে হবে?**

বাংলাদেশে বজ্রপাতে মৃত্যুর অন্যতম কারণ হলো- খোলা জায়গায় মানুষের উপস্থিতি। কৃষক, জেলে বা মাঠে কাজ করা মানুষরা ঝড়ের সময়ও বাইরে থাকেন, ফলে ঝুঁকি বেড়ে যায়। এছাড়া, অনেক এলাকায় নিরাপদ আশ্রয়ের অভাব এবং বজ্রপাত সম্পর্কে পর্যাপ্ত সচেতনতার ঘাটতিও বড়ো কারণ হিসেবে দেখা হয়। বজ্রপাতের সময় কী করা উচিত, তা নিয়ে বাংলাদেশের স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা আছে। সেই নির্দেশনা অনুযায়ী, বজ্রপাতের সময় সবচেয়ে নিরাপদ জায়গা হলো ঘরের ভেতর থাকা। খোলা মাঠ, জলাশয় বা উঁচু গাছের নিচে আশ্রয় নেওয়া বিপজ্জনক। অনেক ক্ষেত্রে বজ্রপাত কাছাকাছি আঘাত করলেও, বৈদ্যুতিক প্রবাহ মাটির মাধ্যমে ছড়িয়ে পড়ে, যা আশপাশে থাকা মানুষকেও ক্ষতিগ্রস্ত করতে পারে। তাই, অতি জরুরি প্রয়োজনে ঘরের বাইরে যেতে হলে রাবারের জুতা পরে যেতে হবে। বজ্রপাতের সময় ধানক্ষেত বা খোলামাঠে যদি থাকেন, তাহলে পায়ের আঙুলের ওপর ভর দিয়ে এবং কানে আঙুল দিয়ে নিচু হয়ে বসে পড়তে হবে। বজ্রপাতের আশঙ্কা দেখা দিলে যত দ্রুত সম্ভব দালান বা কংক্রিটের ছাউনির নিচে আশ্রয় নিতে হবে। ভবনের ছাদে বা উঁচু ভূমিতে যাওয়া উচিত হবে না। খালি জায়গায় যদি উঁচু গাছপালা, বৈদ্যুতিক খুঁটি, ধাতব পদার্থ বা মোবাইল টাওয়ার থাকে, তার কাছাকাছি থাকা যাবে না। বজ্রপাতের সময় ছাউনিবিহীন নৌকায় মাছ ধরতে না যাওয়াই উচিত হবে। সমুদ্রে বা নদীতে থাকলে মাছ ধরা বন্ধ রেখে নৌকার ছাউনির নিচে আশ্রয় নিতে হবে।

যদি কেউ গাড়ির ভেতরে থাকে, তবে গাড়ির ধাতব অংশের সাথে শরীরের সংযোগ রাখা যাবে না। আর বজ্রপাতে আহত ব্যক্তিকে স্পর্শ করলে বিদ্যুৎস্পৃষ্ট হওয়ার আশঙ্কা থাকে না, তাই দ্রুত তাকে নিরাপদ স্থানে সরিয়ে এনে চিকিৎসার ব্যবস্থা করতে হবে। (বিবিসি ওয়েব পেজ : ২৭.০৪.২০২৬ নারগীস)

## বজ্রপাতে দেশের চার জেলায় আরো আটজন মারা গেছে

বাংলাদেশের চার জেলায় বজ্রপাতে আরো আটজন মারা গেছেন।     সোমবার এই ঘটনা ঘটে। এর মধ্যে   , হবিগঞ্জ একজন, সুনামগঞ্জে তিনজন , নেত্রকোণায় তিনজন এবং নোয়াখালী  তে একজন বজ্রপাতে মারা গেছেন বলে জানা গেছে। এর আগে, রোববারও সারা দেশে বজ্রপাতে **১১** জন মারা গিয়েছিলেন।
(বিবিসি ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ এলিনা)

## নরসিংদীর মাদ্রাসায় কী হয়েছে, আবাসিক মাদ্রাসায় মেয়েরা কতটা নিরাপদ

বাংলাদেশের নরসিংদীর রায়পুরা উপজেলায় মেয়েদের একটি আবাসিক কওমি মাদ্রাসায় একজন ছাত্রীকে যৌন নির্যাতনের অভিযোগ ওঠার পর, অভিযুক্ত শিক্ষককে আটকের জন্য অভিযান চলছে বলে জানিয়েছে পুলিশ। তবে, গত কয়েক মাসে দেশের বিভিন্ন জায়গায় আবাসিক মাদ্রাসায় প্রায় একই ধরনের বেশ কয়েকটি যৌন নির্যাতনের ঘটনার কারণে সারা দেশের আবাসিক মাদ্রাসাগুলোতে শিশু-কিশোর, বিশেষ করে মেয়ে শিশুদের নিরাপত্তার প্রসঙ্গটি সামনে এসেছে। প্রশ্ন উঠছে, আবাসিক মাদ্রাসায় থাকা মেয়েদের যথাযথ নিরাপত্তা নিশ্চিত কীভাবে করা হচ্ছে এবং কারা এগুলোর দেখ-ভাল করছে। আবার এ ধরনের মাদ্রাসা দেশে কতগুলো আছে, সেগুলোর পূর্ণাঙ্গ তথ্যও খুব একটা পাওয়া যায় না। দেশের বিভিন্ন অঞ্চলে খোঁজ নিয়ে দেখা গেছে, কওমি আবাসিক মাদ্রাসার ব্যবস্থাপনা পুরোটাই এর প্রতিষ্ঠাতা বা মালিকের নিয়ন্ত্রণে থাকে এবং তিনিই তার মতো করে এগুলো চালান। কোনও কোনও জায়গায় একটি পরিচালনা কমিটি থাকলেও, সেটি মালিকের নির্দেশেই পরিচালিত হয়। আবার মাদ্রাসা বোর্ড থেকে তদারকির কথা থাকলেও, বড়ো আকারের সুপরিচিত মাদ্রাসাগুলো ছাড়া অন্য কওমি মাদ্রাসার যেগুলো ছোটো বাচ্চাদের হিফজ শিক্ষাদান করে, সেখানে তদারকি বলতে কিছু নেই। আবার পুলিশ বা প্রশাসন মাদ্রাসার বিষয়ে নিজ থেকে উদ্যোগী হয়ে কোনও পদক্ষেপ নিতে চায় না ধর্মকেন্দ্রিক অপপ্রচারের আশঙ্কায়। ইসলাম বিষয়ক লেখক ও গবেষক মওলানা শরীফ মুহাম্মদ বলছেন, শক্ত মনিটরিং ও নিশ্ছিদ্র জবাবদিহিতার ব্যবস্থা নিশ্চিত হলে মাদ্রাসাকেন্দ্রিক নৈতিক বিচ্যুতির যে-সব ঘটনার অভিযোগ আসছে, সেগুলো থেকে মাদ্রাসাগুলোকে নিরাপদ রাখা যাবে। কওমি মাদ্রাসার ছয়টি বোর্ডের মধ্যে সবচেয়ে বেশিসংখ্যক মাদ্রাসা বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ (বেফাক হিসেবে পরিচিত)-এর অধীনে। এর সহকারী মহাপরিচালক মওলানা ইসমাইল হোসেন বলছেন, তাদের অধীনে থাকা মাদ্রাসার জন্য ৩০ জন পরিদর্শক আছেন, যারা নিয়মিত মাদ্রাসা পরিদর্শন করে থাকেন।
"কিছু বিক্ষিপ্ত ঘটনা ঘটছে। আসলে কোরআন হাদিস ঠিকমতো মানলে এগুলো হতো না। নিয়মিত মাদ্রাসা পরিদর্শন ছাড়াও ছাত্র-ছাত্রীদের প্রতি আচরণ ও দায়িত্ব নিয়ে আমরা সচেতন করার চেষ্টা করছি,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

### নরসিংদীতে কী হয়েছে?

নরসিংদীর রায়পুরা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মজিবুর রহমান বিবিসি বাংলাকে জানিয়েছেন, উপজেলা সদর থেকে ৫ কিলোমিটার দূরত্বে হাশিমপুর এলাকার একটি আবাসিক মাদ্রাসার 'শিক্ষক ও মুহতামিম'-এর বিরুদ্ধে দশ বছর বয়সি একজন ছাত্রীকে যৌন নির্যাতনের অভিযোগে রবিবার থানায় মামলা হয়েছে। "মেডিকেল প্রতিবেদন পেয়েছি আমরা। আমরা অভিযুক্ত শিক্ষককে ধরার চেষ্টা করছি,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি। নিপীড়নের শিকার ছাত্রীর পরিবারের সদস্যদের সাথে কথা বলে জানা গেছে, দুই মাস আগে ওই শিক্ষার্থীকে মাদ্রাসাটিতে দেওয়া হয়েছিল। তার ছোটো ভাইও ওই মাদ্রাসার শিক্ষার্থী। শিশুটি পরিবারকে জানিয়েছে যে, গত শুক্রবার রাতে তাকে নির্যাতন করা হয় এবং এতে রাতেই সে অসুস্থ হয়ে পড়ে। শনিবার সকালে অসুস্থ অবস্থায় তাকে এক আত্মীয়ের বাড়িতে পাঠানো হয়। সেখানেই এসে তার বাবা-মা ঘটনার বিস্তারিত জানতে পেরে হাসপাতালে নিয়ে যান। হাসপাতালে চিকিৎসা নেওয়ার পর মেয়েটিকে এখন পরিবারের কাছে রাখা হয়েছে। "বাচ্চাটা এখনো অসুস্থ। আমরা দৃষ্টান্তমূলক শাস্তি চাই,„ বিবিসি বাংলাকে বলেছেন শিশুটির নানা সুজন মিয়া। এদিকে ঘটনাটি জানাজানির পর শনিবার সন্ধ্যায় মাদ্রাসায় সালিশের নামে মীমাংসা করার চেষ্টা হলে স্থানীয়রা মাদ্রাসা ভাঙচুর করার পর অভিযুক্ত শিক্ষক পালিয়ে যায়। পরে রোববার মেয়েটির মা থানায় মামলা করে জানিয়েছেন ভারপ্রাপ্ত কর্মকর্তা।
উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মাসুদ রানা বিবিসি বাংলাকে বলছেন, ঘটনাটি নিয়ে পুলিশ কাজ করছে, তবে এখন থেকে মেয়েদের আবাসিক মাদ্রাসাগুলো পরিদর্শন ও তদারকির চিন্তা চলছে জানিয়েছেন তিনি। "মাদ্রাসাগুলো নিজেরাই একটি কমিটি করে পরিচালনা করে। প্রতি বছর নতুন মাদ্রাসা হয়। আমরা তাদের নিবন্ধনের পরামর্শ দেই। অনেক সময় আমরা যাই। কিন্তু তা-ও নানা ঘটনা ঘটছে। সে কারণে উপজেলা প্রশাসনের নারী কর্মকর্তাদের সরাসরি নিয়মিত পরিদর্শন করানোর উদ্যোগ নেওয়া হচ্ছে,„ বলছিলেন মি. রানা।

**আরও যত ঘটনা আলোচনায়**

সাম্প্রতিক সময়ে এ ধরনের আরও কিছু ঘটনা আলোচনায় এসেছে। ছেলে ও মেয়ে শিশুকে যৌন হয়রানির ঘটনায় আইন প্রয়োগকারী সংস্থাও ব্যবস্থা নিয়েছে কিছু ঘটনায়। যৌন হয়রানির কারণে এক শিশু অসুস্থ হয়ে পড়ার ঘটনায় সিরাজগঞ্জের উল্লাপাড়ায় মাদ্রাসার এক শিক্ষককে গত ২২ এপ্রিল অবরুদ্ধ করেছিল স্থানীয়রা। পরে পুলিশ গিয়ে তাকে আটক করে। আবার চাঁদপুরে মতলব উত্তরে এক শিক্ষককে একই ধরনের অভিযোগে সাময়িক বহিষ্কার করেছে মাদ্রাসা পরিচালনা কমিটি। শিক্ষার্থীরা কয়েকজন ওই শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ করেছিল, যা পরে তদন্তে সত্য প্রমাণিত হয়। এর আগে, গত ১৫ মার্চ কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলায় একটি মহিলা মাদ্রাসার পরিচালককে এক ছাত্রীকে যৌন নির্যাতনের অভিযোগে পুলিশ আটক করেছ। এর আগে, ২০১৯ সালে ফেনীর সোনাগাজীতে একটি মাদ্রাসার পরীক্ষা কেন্দ্রের ভেতরে এক শিক্ষার্থীর শরীরে কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দেওয়ার ঘটনা দেশজুড়ে আলোড়ন তুলেছিল। ওই শিক্ষার্থীর ভাই তখন বিবিসিকে বলেছিলেন, তার বোন তার মাদ্রাসার অধ্যক্ষের বিরুদ্ধে শ্লীলতাহানির মামলা করেছিল, সেই ঘটনার জেরে ওই অধ্যক্ষের পক্ষের শিক্ষার্থীরা তার বোনকে পুড়িয়ে মারার চেষ্টা করেছে।

**আবাসিক মাদ্রাসা দেখ-ভাল কীভাবে হয়**

ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার দারুস সুন্নাহ্ মহিলা (হিফজ) মাদ্রাসায় ছোটো মেয়েদের জন্য আবাসিক সুবিধা আছে। মাদ্রাসার পরিচালক মুফতি আমির হামজা বলছেন, বেফাকের অনুমোদন নিয়েই মাদ্রাসা পরিচালনা করছেন তিনি। "আমার এখানে মেয়েদের সেকশন আমার স্ত্রী, বোন ও অন্য শিক্ষিকারা দেখ-ভাল করে। আমি নিজেই সেখানে যেতে পারি না। অন্য কোনো পুরুষ তো নয়ই,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। যদিও সাম্প্রতিক সময়ে যে-সব আবাসিক মাদ্রাসায় মেয়েদের নিপীড়নের ঘটনা ঘটেছে, সেখানে ছাত্রীদের জন্য পুরুষ শিক্ষকরা দায়িত্ব পালন করছিলেন। মি. হামজা তার মাদ্রাসাটি বোর্ড থেকে পরিদর্শন করা হয়েছে জানালেও, দেশে ব্যক্তি উদ্যোগে গড়ে ওঠা বহু কওমি মাদ্রাসাতেই মেয়েদের থাকার নিরাপদ ব্যবস্থা কতটা রাখা আছে, তা দেখার জন্য কেউ কখনও যায়নি। মূলত, কওমি মাদ্রাসাগুলোর নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা নিয়ে দীর্ঘদিন ধরেই বাংলাদেশে নানা আলোচনা হলেও বেসরকারি ও ব্যক্তি উদ্যোগে গড়ে ওঠা এসব মাদ্রাসার তদারকিকে শক্ত কোনো ব্যবস্থা গড়ে ওঠেনি। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মিঞা মো. নূরুল হক বলছেন যে, কওমি মাদ্রাসাগুলো নিজেরাই নিজেদের পরিচালনা ও নিয়ন্ত্রণ করে এবং সে কারণে সরকারি প্রশাসনের তদারকিও সেখানে দৃশ্যমান হয় না। "তারা সরকারের অনুদান নেয় না। সে কারণে শিক্ষাদান ও ব্যবস্থাপনায় তারা নিজেদের রীতিনীতি অনুসরণ করতে চায় এবং সেভাবেই চলছে,„ বিবিসি বাংলাকে বলছিলেন মি. হক। আবার বাংলাদেশে মোট কওমি মাদ্রাসা কত এবং এর মধ্যে আবাসিক মাদ্রাসা কতগুলো কিংবা সেগুলোর মধ্যে মেয়েদের জন্য কতগুলো আছে- এসব বিষয়ে পূর্ণাঙ্গ তথ্য পাওয়া যায় না।

২০২১ সালে সরকারের দিক থেকে সব ধরনের মাদ্রাসার ডাটাবেজ তৈরির উদ্যোগের কথা বলা হয়েছিল। তখন মাদ্রাসা শিক্ষা বিভাগের এক নির্দেশনায় বলা হয়েছিল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে কওমি, নূরানী, দীনিয়া, হাফেজিয়া, ফোরকানিয়া, ইবতেদায়িসহ সব ধর্মীয় প্রতিষ্ঠানের ডাটাবেইজ তৈরি করতে অনুরোধ করা হয়েছে। কিন্তু পরে সেটির আর অগ্রগতি হয়েছে কি-না, সে সম্পর্কে কোনো তথ্য মাদ্রাসা বিভাগ থেকে পাওয়া যায়নি। এমনকি তখন কওমি মাদ্রাসাগুলোকে সরকারের নিবন্ধনের আওতায় আনা এবং এসব প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রমের ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় একটি সমন্বিত নীতিমালা তৈরির উদ্যোগ নিলেও, তাতে রাজি হয়নি বেসরকারি মাদ্রাসা শিক্ষা বোর্ডের নেতৃত্ব।

এর আগে, তখন সরকারের দিক থেকে সংসদে বলা হয়েছিল কওমি মাদ্রাসার সংখ্যা প্রায় ২০ হাজার। যদিও শিক্ষা বিশেষজ্ঞ ও কওমি মাদ্রাসার বোর্ডগুলোর কর্মকর্তারা বলছেন, প্রকৃত পক্ষে এ সংখ্যা কয়েকগুণ বেশি। দেশে এখন কওমি মাদ্রাসার ছয়টি বোর্ড রয়েছে। এগুলোর তত্ত্বাবধানকারী প্রতিষ্ঠান আল-হাইআতুল উলয়া লিল-জামি'আতিল কওমিয়া বাংলাদেশ অবশ্য বলছে, তারা শুধু দাওরায়ে হাদিসের পরীক্ষা নেওয়ার বিষয়টি তদারক করে। "অন্যসব বিষয় সংশ্লিষ্ট বোর্ডগুলোর। আমরা আর কিছু দেখি না,„ আল-হাইআতুল উলয়া লিল-জামি'আতিল কওমিয়া বাংলাদেশ- এর পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে বিবিসিকে জানানো হয়েছে। এদিকে কওমি মাদ্রাসার সবচেয়ে বড়ো বোর্ড হিসেবে পরিচিত বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ-এর সহকারী মহাপরিচালক মওলানা ইসমাইল হোসেন বলছেন, তাদের আওতায় প্রায় ৩০ হাজার কওমি মাদ্রাসা আছে। "এগুলো পরিদর্শনের ব্যবস্থা আছে। বোর্ডের পরিদর্শকরা এগুলো পর্যবেক্ষণ করে ব্যবস্থা নিয়ে থাকেন। মেয়েদের আবাসিক ব্যবস্থাপনা কেমন হবে, সেই নির্দেশনা দেওয়া আছে এবং তাগিদ দেওয়া হয়, যাতে এগুলো ঠিকমতো অনুসরণ করা হয়। তবে আমরা মনে করি, কোরআন ও হাদিস ঠিকমতো অনুসরণ করা এবং শিক্ষক ও অভিভাবকদের সচেতন করার কাজ আমরা করি,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি। ইসলাম বিষয়ক লেখক ও গবেষক মওলানা শরীফ মুহাম্মদ বলছেন, নৈতিক অবক্ষয় বেড়ে যাওয়ার প্রেক্ষাপটে কওমি মাদ্রাসায় নৈতিক বিচ্যুতির ঘটনার অভিযোগ আসছে এবং কিছু ক্ষেত্রে এসব অভিযোগ ধামাচাপা দেওয়ারও চেষ্টা হয়। "ভালো মনিটরিং ও নিশ্ছিদ্র জবাবদিহিতার ব্যবস্থা থাকা দরকার। প্রশাসনেরও উচিত, আরও

তদারকি করা। আবার এটিও নিশ্চিত করতে হবে, যাতে ব্যক্তির অপরাধের জন্য পুরো প্রতিষ্ঠান বা ধর্মীয় শিক্ষা ঢালাও অপপ্রচারের শিকার না হয়,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ২৭.০৪.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্রের বিভিন্ন দাবিই শান্তি আলোচনার ব্যর্থতার জন্য দায়ী রাশিয়ায় বললেন আরাঘচি

যুক্তরাষ্ট্রের অতিরিক্ত চাহিদার কারণে ইসলামাবাদে শান্তি আলোচনা ব্যর্থ হয়েছে বলে দাবি করেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। রাশিয়ায় পৌঁছে স্থানীয় সাংবাদিকদের কাছে এমন মন্তব্য করেন তিনি। আরাঘচির টেলিগ্রাম চ্যানেলে শেয়ার করা একটি ফারসি সাক্ষাৎকারে দেখা যায়, সেন্ট পিটার্সবার্গে নেমে তিনি জানান, মধ্যপ্রাচ্যের যুদ্ধ নিয়ে রুশ মিত্র দের সাথে আলোচনা করবেন তিনি। ইসলামাবাদে মধ্যস্থতাকারীদের সাথে আলোচনার পর আরাঘচি রাশিয়ায় পৌঁছেছেন। রাশিয়ায় তিনি সাংবাদিকদের বলেন, কোন কোন শর্তসাপেক্ষে আলোচনা অব্যাহত থাকতে পারে, সেটি নিয়েও কথা হয়েছে। বর্তমানে ইরানের হরমুজ প্রণালি বন্ধ রাখার বিষয়টিও উল্লেখ করেন ইরানের এই পররাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, এই গুরুত্বপূর্ণ জলপথ দিয়ে নিরাপদ চলাচল একটি বৈশ্বিক ইস্যু এবং ওমানসহ প্রতিবেশী দেশগুলোকে এই প্রণালিতে তাদের পারস্পরিক স্বার্থ রক্ষায় ঘনিষ্ঠভাবে কাজ করার আহ্বান জানান। ইরান ও ওমানের মধ্যে অনেক বিষয়ে মিল রয়েছে বলে ইঙ্গিত দেন আরাঘচি। এই প্রণালি নিয়ে দুই দেশের মধ্যে পরবর্তী আলোচনার বিষয়ে একটি চুক্তিও হয়েছে বলে জানান তিনি।(বিবিসি ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ এলিনা)

## চলমান যুদ্ধবিরতির মধ্যেই ইসরায়েলি হামলায় লেবাননে১৪ জন নিহত : স্বাস্থ্য মন্ত্রণালয়

অনিশ্চিত যুদ্ধবিরতির মধ্যেই লেবাননে হিজবুল্লাহ এবং ইসরায়েলের মধ্যে হামলা অব্যাহত ছিল গত সপ্তাহে। যুদ্ধবিরতি চুক্তিটি ১৬ এপ্রিল কার্যকর হয় এবং পরবর্তীতে এর মেয়াদ আরো তিন সপ্তাহ বাড়ানো হয়েছে। লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, রোববার দেশটিতে ইসরায়েলি হামলায় দুইজন শিশু ও দুইজন নারীসহ ১৪ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন ৩৭ জন। দক্ষিণ লেবানন থেকে নাগরিকদের সরে যাওয়ার জন্য ইসরায়েলি সামরিক বাহিনীর সতর্কবার্তার পর ওই এলাকাগুলোতে বিমান হামলা চালানো হয়। ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনীর (আইডিএফ) দাবি, এই স্থানগুলো ”আইডিএফ সৈন্যদের ওপর হা মলা চালানোর জন্য ব্যবহার করা হচ্ছিল। „ পৃথক আরেকটি আপডেটে ইসরায়েলি সামরিক বাহিনী জানিয়েছে, লেবাননে হিজবুল্লাহর ড্রোন হামলায় ১৯ বছর বয়সি একজন ইসরায়েলি সামরিক বাহিনীর সৈন্য নিহত হয়েছেন এবং আরো ছয়জন আহত হয়েছেন।(বিবিসি ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ এলিনা)

## আবারও ইসরায়েলি প্রধানমন্ত্রীর বিরুদ্ধে তিন মামলা স্থগিত

একটি ফৌজদারি মামলায় শুনানি শুরু হওয়ার প্রায় ৯০ মিনিট আগে ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর আইনজীবীর অনুরোধে শুনানি ”হঠাৎ বাতিল„ করা হয়েছে। সংবাদ সংস্থা দ্য জেরুজালেম পোস্ট এই তথ্য জানিয়েছে বলে বিবিসি উর্দুতে একটি খবর প্রকাশিত হয়েছে। প্রায় ছয় সপ্তাহ পর সোমবার নেতানিয়াহুর বিরুদ্ধে করা একটি ফৌজদারি মামলায় সাক্ষ্য দেওয়ার কথা ছিল তার। গাজায় ইসরায়েলি অভিযান এবং হিজবুল্লাহর সাথে যুদ্ধের কারণে এই নিয়ে তৃতীয়বারের মতো শুনানি স্থগিত করা হলো। কি ন্তু আজকের শুনানি বিলম্ব এবং বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের পক্ষ থেকে এখনও কোনো আনুষ্ঠানিক কারণ জানানো হয়নি। ঘু স গ্রহণ, জালিয়াতি এবং বিশ্বাসভঙ্গের অভিযোগে করা পৃথক তিন মামলায় গত পাঁচ বছর ধরে নেতানিয়াহুর বিরুদ্ধে শুনানি চলছে। ইসরায়েলি এই প্রধানমন্ত্রী গত শরতে এ বিষয়ে দেশটির প্রেসিডেন্টের কাছে ক্ষমা প্রার্থনা করেছিলেন।(বিবিসি ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ এলিনা)

## ইরান ইস্যুর গুরুত্ব উপেক্ষা করা কঠিন: ক্রেমলিন

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন আগামী বৃহস্পতিবার সেন্ট পিটার্সবার্গে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি র সাথে সাক্ষাৎ করবেন। রাশিয়ার সরকারি সংবাদ সংস্থা তাস - এর বরাত দিয়ে বিবিসি উর্দু জানিয়েছে, রুশ সরকারের মুখপাত্র দিমিত্রি পেসকভ বলেছেন, ইরান এবং মধ্যপ্রাচ্য পরিস্থিতির যেভাবে পরিবর্তন ঘটছে, তাতে ইরান ইস্যুর গুরুত্ব উপেক্ষা করা কঠিন। উল্লেখ্য, আব্বাস আরাঘচি পাকিস্তান এবং ওমান সফর শেষে সোমবার রাশিয়ায় পৌঁছেছেন। এর আগে, সেন্ট পিটার্সবার্গে পৌঁছে শান্তি আলোচনা নিয়ে পাকিস্তান ও ওমান সফরের বিষয়ে ইরানের পররাষ্ট্রমন্ত্রী বলেন, ”সাম্প্রতিক সময়ে ইরান ও যুক্তরাষ্ট্রের আলোচনায় পাকিস্তান মধ্যস্থতাকারী হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। যার ফলে এখন পর্যন্ত হওয়া সর্বশেষ অগ্রগতিগুলো নিয়ে আলোচনার প্রয়োজন ছিল।„
(বিবিসি ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ এলিনা)

## পশ্চিমবঙ্গ নির্বাচনে ভোটাধিকার ফিরে পেতে পারেন বাদ পড়া একাংশ ভোটার

পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার ভোটগ্রহণ পর্বে র প্রাক্কালে আজ (সোমবার) প্রকাশিত হবে দ্বিতীয় সাপ্লিমেন্টারি ভোটার তালিকা, বিবিসিকে জানালেন রাজ্যের মুখ্য নির্বাচ নি কর্মকর্তা মনোজ কুমার আগারওয়াল। এই তালিকায় অন্তর্ভুক্ত থাকবেন সেই সব ভোটার, যাদের নাম বিশেষ নিবিড় সংশোধনের পর মূল তালিকা থেকে বাদ পড়েছিল, কিন্তু অ্যাপিলেট ট্রাইবুনালের বিবেচনায় বৈধ হিসেবে চিহ্নিত হয়েছেন। ভারতের সুপ্রিম কোর্টের নির্দেশে প্রাক্তন বিচারপতিদের নেতৃত্বে পশ্চিমবঙ্গে গঠন করা হয়েছে ১৯টি আপিলেট ট্রাইবুনাল। এখানে বাদ পড়া ভোটাররা

নিজেদের আবেদন বা নির্বাচন কমিশনের সিদ্ধান্তের বিরুদ্ধে আপত্তি জানাতে পারেন। শীর্ষ আদালতের নির্দেশ অনুযায়ী, যে-সব আবেদন বা আপত্তির নিষ্পত্তি প্রথম ও দ্বিতীয় দফার ভোটগ্রহণের আগে, অর্থাৎ ২১ এপ্রিল থেকে ২৭ এপ্রিলের মধ্যে সম্পন্ন হবে এবং যাদের বৈধ ভোটার হিসেবে স্বীকৃতি দেবে অ্যাপিলেট ট্রাইবুনাল, তারা এই নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। প্রথম দফার ভোটগ্রহণ শুরুর প্রায় ২৪ ঘণ্টা আগে, ২২ এপ্রিল নির্বাচন কমিশন "অ্যাপিলেট ট্রাইবুনাল সাপ্লিমেন্টারি তালিকা ১" প্রকাশ করে। ওই তালিকার মাধ্যমে নতুন করে ভোটাধিকার ফিরে পান ১৩৯ জন বাদ পড়া ভোটার। অন্যদিকে, মোট ৮ জন ভোটার বাদ পড়েন। ২২ এপ্রিলের মধ্যে অ্যাপিলেট ট্রাইবুনালে মোট ৬৫৭টি আবেদন ও আপত্তির নিষ্পত্তি হয়েছে। রাজ্যের ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনের পর মোট প্রায় ৯১ লক্ষ ভোটারের নাম তালিকা থেকে বাদ যায়। নির্বাচনের ঠিক আগে, এই বিপুলসংখ্যক ভোটারের নাম বাদ পড়া, বিশেষ করে রাজ্যের মুসলিম-অধ্যুষিত এলাকা থেকে, অনেক বিতর্কের সৃষ্টি করে। পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার ভোটগ্রহণ হবে ২৯ এপ্রিল, রাজ্যের ১৪২টি বিধানসভা কেন্দ্রে। নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, এই দফায় মোট ভোটারের সংখ্যা ইতোমধ্যেই তিন কোটি ২১ লক্ষ ছাড়িয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ এলিনা)

## ইরান যুদ্ধ নিয়ে জরুরি বৈঠক করতে যাচ্ছেন স্টারমার

ইরান যুদ্ধের প্রসঙ্গে জরুরি একটি বৈঠক করতে যাচ্ছেন যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী স্যার কিয়ের স্টারমার। তার সরকারের জরুরি কমিটি কোবরার একটি বৈঠকে সভাপতিত্ব করবেন তিনি। এই কমিটিতে মন্ত্রী এবং সরকারের উচ্চপদস্থ কর্মকর্তারা থাকেন। কোনো উদ্ভূত পরিস্থিতিতে সরকারের পদক্ষেপগুলো কী হবে, এই কমিটিতে তারা সেটি সমন্বয় করেন। সোমবার সকালে ল্যাঙ্কাশায়ারে ইউএসডিএডব্লিউ ট্রেড ইউনিয়ন সম্মেলনে দেওয়া এক ভাষণে কিয়ের স্টার মার মধ্যপ্রাচ্য সংঘাত নিয়ে যুক্তরাজ্যের অবস্থান আবারও স্পষ্ট করেন। তিনি বলেন, "আমাদের স্বার্থ নেই এমন কোনো যুদ্ধে আমি এই দেশকে কখনোই টেনে নিতে দেব না।" (বিবিসি ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ রুবাইয়া)

## রাশিয়ার প্রেসিডেন্ট পুতিনের সাথে দেখা করেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রীআরাঘচি

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সাথে সেন্ট পিটার্সবার্গে সাক্ষাৎ করেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। রাশিয়ার রাষ্ট্রীয় সংবাদ সংস্থা আরআইএ নভোস্তির বরাত দিয়ে বিবিসি ফার্সি এই তথ্য জানিয়েছে। এতে বলা হয়েছে, বৈঠক চলাকালীন প্রেসিডেন্ট পুতিন বলেন, ইরান এবং এই অঞ্চলের অন্যান্য দেশগুলোর জন্য সম্ভাব্য সবকিছুই করবে রাশিয়া। প্রতিবেদন অনুযায়ী, মি. আরাঘচি বলেছেন, ইরান এবং রাশিয়ার সম্পর্ক একটি স্ট্র্যাটেজিক পার্টনারশিপ বা কৌশলগত অংশীদারিত্ব" যেটি ভবিষ্যতে আরো শক্তিশালী হতে থাকবে। রুশ প্রেসিডেন্ট ও জোর দিয়ে বলেন, মস্কো ইরানের সাথে তার "স্ট্র্যাটেজিক রিলেশনস বা কৌশলগত সম্পর্ক" বজায় রাখবে। আরাঘচির টেলিগ্রাম চ্যানেলে শেয়ার করা ছবিতে দেখা যায়, ইরানের পররাষ্ট্রমন্ত্রী দুই দেশের প্রতিনিধিদলের সঙ্গে একটি টেবিলে বসে পুতিনের সঙ্গে বৈঠক করছেন। পুতিনের সঙ্গে রয়েছেন রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই লাভরভ, ক্রেমলিনের উপদেষ্টা ইউরি উশাকভ এবং রাশিয়ার জিআরইউ সামরিক গোয়েন্দা সংস্থার প্রধান ইগর কস্তিউকভ।
(বিবিসি ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ রুবাইয়া)

## লেবাননে নিহতের সংখ্যা বেড়ে আড়াই হাজারের বেশি

হিজবুল্লাহর বিরুদ্ধে ইসরায়েলের সাম্প্রতিক অভিযান শুরুর পর থেকে লেবাননে নিহতের সংখ্যা বেড়ে দুই হাজার ৫২১ জনে দাঁড়িয়েছে। দেশটির জাতীয় সংবাদ সংস্থা (এনএনএ) এই তথ্য জানিয়েছে। এই হামলায় এখন পর্যন্ত সাত হাজার ৮০৪ জন আহত হয়েছে বলে জানিয়েছে এনএনএ। তবে বিবিসি স্বাধীনভাবে এই সংখ্যার সত্যতা যাচাই করতে পারেনি। (বিবিসি ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ রুবাইয়া)

## পূর্ব লেবাননেও হামলার পরিধি বাড়িয়েছে ইসরায়েল

ইসরায়েলি সেনাবাহিনী সোমবার পূর্ব লেবাননে সামরিক হামলা চালিয়েছে। ইসরায়েল ও লেবাননের মধ্যে আনুষ্ঠানিকভাবে যুদ্ধবিরতি কার্যকর থাকলেও, লেবাননের ওপর ইসরায়েলি হামলা এখন আরো বিস্তৃত করেছে, আগে মূলত দক্ষিণাঞ্চলেই সীমাবদ্ধ ছিল তাদের হামলা। ইসরায়েলি সামরিক বাহিনীর একজন মুখপাত্র ঘোষণা করেছেন, তাদের বাহিনী পূর্ব লেবাননের বেকা উপত্যকার পাশাপাশি দেশের দক্ষিণাঞ্চলের হিজবুল্লাহর অবকাঠামোগুলোকে লক্ষ্য করে হামলা চালাচ্ছে। নিরাপত্তা সূত্রগুলো রয়টার্সকে জানিয়েছে, সিরিয়ার সাথে লেবাননের পূর্ব সীমান্তের কাছের লক্ষ্যবস্তুগুলোতে এই হামলাগুলো চালানো হয়েছে। (বিবিসি ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ রুবাইয়া)

## যুদ্ধ নিয়ে আরো আলোচনার অনুরোধ করেছে যুক্তরাষ্ট্র: ইরানের পররাষ্ট্রমন্ত্রী

রাশিয়ার সেন্ট পিটার্সবার্গে সাংবাদিকদের উদ্দেশ্যে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি বলেছেন, ইরান "বিশ্বের সবচেয়ে বড়ো সুপারপাওয়ার বা পরাশক্তির (যুক্তরাষ্ট্র) বিরুদ্ধে দাঁড়িয়েছে।" ওয়াশিংটন "এখনও তাদের একটি লক্ষ্যও অর্জন করতে পারেনি" উল্লেখ করেন মি. আরাঘচি। তিনি আরো বলেন, "এ কারণেই তারা আলোচনার অনুরোধ

জানিয়েছে এবং আমরা বিষয়টি খতিয়ে দেখছি। „ তবে ওয়াশিংটনের পক্ষ থেকে এ বিষয়ে এখনো কিছু জানা যায়নি। ক্রেমলিনের সহযোগিতার জন্য ধন্যবাদ জানিয়ে ইরানের এই শীর্ষ কূটনীতিক বলেন , এই যুদ্ধ ইরানের কাছে প্রমাণ করেছে "রাশিয়ার মতো অনেক ভালো বন্ধু এবং মিত্র রয়েছে।„ সোমবারই রাশিয়া পৌঁছেছেন ইরানের এই পররাষ্ট্রমন্ত্রী। পরে তিনি দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে সাক্ষাৎ করেন।
(বিবিসি ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ রুবাইয়া)

## এনএইচকে

### ওয়াশিংটনে আটক হওয়া সন্দেহভাজন ব্যক্তিএকটি নোটে নিজেকে 'খুনি' বলে অভিহিত করেছেন

মার্কিন গণমাধ্যমের খবরে বলা হয়েছে, হোয়াইট হাউসে সংবাদদাতাদের নৈশভোজে গুলি চালানোর পর, আটক হওয়া সন্দেহভাজন ব্যক্তি একটি নোটে নিজেকে 'খুনি' বলে অভিহিত করেছেন। শনিবার ওয়াশিংটনের একটি হোটেলে আয়োজিত সেই অনুষ্ঠানে বলপূর্বক প্রবেশের চেষ্টার সময় কোল টমাস অ্যালেন গুলি চালান বলে অভিযোগ উঠেছে। ক্যালিফোর্নিয়ার বাসিন্দা অ্যালেনের কাছে একটি শটগান ও কয়েকটি ছুরি ছিল। অনুষ্ঠানে অন্যান্যদের সাথে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প উপস্থিত ছিলেন এবং তিনি নিরাপদ আছেন। একজন সিক্রে ট সার্ভিস এজেন্ট গুলিবিদ্ধ হন বলে জানা গেছে, তবে গুলিটি তার সুরক্ষা ভেস্টে লাগে। রবিবার সংবাদমাধ্যমগুলো জানিয়েছে যে, সন্দেহভাজন ব্যক্তি একটি তথাকথিত 'বার্তা' রেখে গেছেন, যেখানে তিনি নিজেকে 'বন্ধুত্বপূর্ণ ফেডারেল ঘাতক' হিসেবে উল্লেখ করেন। প্রতিবেদনগুলোতে বলা হয়েছে, তার নোটে তালিকাভুক্ত লক্ষ্যবস্তুদের মধ্যে প্রশাসনের কর্মকর্তারা ছিলেন, সর্বোচ্চ পদ থেকে শুরু করে সর্বনিম্ন পদ পর্যন্ত যাদের শ্রেণিভুক্ত করা হয়। সন্দেহভাজন ব্যক্তি হোটেলে নিরাপত্তার অভাবের কথাও উল্লেখ করেছেন। হোয়াইট হাউসের কর্মকর্তারা এনএইচকে -কে জানিয়েছেন যে, গুলি চালানোর কিছুক্ষণ আগে সেই নোটটি তার পরিবারের কাছে পাঠানো হয় এবং পরিবার সেই বিষয়টি পুলিশকে জানায়। তদন্তকারী কর্তৃপক্ষ জানিয়েছে, সন্দেহভাজন ব্যক্তির বোন তাদের বলেছেন যে , সে ক্রমাগত বর্তমান সমস্যাগুলো সমাধানের পরিকল্পনার কথা বলত এবং এক পর্যায়ে ট্রাম্প-বিরোধী একটি বিক্ষোভেও অংশ নিয়েছিল।
(এনএনচকে ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### ‶অসত্য, তথ্য ছড়ানোর অভিযোগ নিয়ে চাকমা রানির জবাব

পার্বত্য চট্টগ্রামের অধিকারকর্মী ও চাকমা রানি ইয়েন ইয়েনের বিরুদ্ধে ‶আন্তর্জাতিক অঙ্গনে সরকার ও সেনাবাহিনীর বিরুদ্ধে বিভিন্ন অসত্য ও বিভ্রান্তিকর অভিযোগ উত্থাপনপূর্বক অপপ্রচারে সংশ্লিষ্ট, থাকার অভিযোগ তুলে চিঠি দিয়েছে সরকার। চিঠিতে তাকে এ ধরনের কাজ থেকে বিরত থাকতে বলা হয়েছে। ইয়েন ইয়েন আইনজীবী সারা হোসেনের মাধ্যমে দেওয়া এক লিখিত জবাবে বলেছেন, তার বিরুদ্ধে তোলা অভিযোগ ‶মিথ্যা ও ভিত্তিহীন,। গত ৬ এপ্রিল রাঙ্গামাটির জেলা প্রশাসক (ডিসি) নাজমা আশরাফী রানি ইয়েন ইয়েনকে এই চিঠি পাঠান। চিঠিতে বলা হয়, তার কারণে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের পরিস্থিতির অবনতি হয়েছে। প্রসঙ্গত, অধিকারকর্মী ইয়েন ইয়েন চাকমা সার্কেল চিফ দেবাশীষ রায় ওয়াংজার স্ত্রী। রাঙ্গামাটির জেলা প্রশাসকের পাঠানো চিঠির বিষয়বস্তুতে উল্লেখ করা হয়, বক্তব্য দেওয়া ও কার্যক্রম পরিচালনার সময় দেশের আইন-কানুন সঠিকভাবে মেনে চলার বিষয়ে সতর্ক করতে এই চিঠি দেওয়া হয়েছে। ডিসি নাজমা আশরাফী ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টারকে জানান, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের রাজনৈতিক শাখা-২-এর নির্দেশে তিনি এই চিঠি পাঠিয়েছেন, চিঠির রেফারেন্সেও বিষয়টির উল্লেখ রয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের রাজনৈতিক শাখাটি তদারকি করেন উপ-সচিব কে এম ইয়াসির আরাফাত। তিনি জানান, চিঠিতে যে কারণগুলো উল্লেখ করা হয়েছে, মূলত সেগুলোর ভিত্তিতেই রাঙামাটির ডিসিকে এই চিঠি পাঠাতে বলা হয়েছিল। চিঠিতে বলা হয়, বিভিন্ন গোয়েন্দা সংস্থার প্রতিবেদনে জানা গেছে, ইয়েন ইয়েন পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে বিভিন্ন পাহাড়ি সংগঠনের সদস্যদের একত্র করে প্রোপাগান্ডা ছড়ানোয় জড়িত। এ ছাড়া, তিনি আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশ সরকার ও সেনাবাহিনীর বিরুদ্ধে অসত্য ও বিভ্রান্তিকর অভিযোগ ছড়ানোর সঙ্গেও জড়িত বলে উল্লেখ করা হয়েছে। চিঠিতে আরও বলা হয়েছে, "যেহেতু পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের রাজনৈতিক ও সামাজিক পরিস্থিতি অত্যন্ত সংবেদনশীল, তাই এই ধরনের কার্যকলাপ এ অঞ্চলের পরিস্থিতির অবনতি ঘটাতে পারে। এই পরিস্থিতিতে, ভবিষ্যতে এ ধরনের কোনো বক্তব্য দেওয়ার বা কার্যক্রম পরিচালনার সময় দেশের প্রচলিত আইন-কানুন কঠোরভাবে অনুসরণ করে সতর্কতা অবলম্বন করার জন্য আপনাদের অনুরোধ করা হচ্ছে।„ এদিকে, গতকাল শনিবার ইয়েন ইয়েন তার আইনজীবী সারা হোসেনের মাধ্যমে এই চিঠির লিখিত জবাব দিয়েছেন। তিনি বলেছেন, তার বিরুদ্ধে ভুয়া তথ্য ছড়ানো এবং ওই অঞ্চলকে অস্থিতিশীল করার যে অভিযোগ উঠেছে, তা ‶মিথ্যা ও ভিত্তিহীন,। চিঠির জবাবে তিনি এসব অভিযোগের বিষয়ে ব্যাখ্যা চেয়েছেন এবং একই সঙ্গে চিঠিটি অবিলম্বে প্রত্যাহার বা বাতিলের আহ্বান জানিয়েছেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ রনি)

### যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা স্থগিত, রাশিয়া সফরে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আরাঘচি

পাকিস্তানে যুক্তরাষ্ট্রের সঙ্গে শান্তি আলোচনা বাতিল হওয়ার পর, রাশিয়া সফর করছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। আজ সোমবার তিনি রাশিয়ায় পৌঁছান। সেখানে তিনি রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুটিনের সঙ্গে সাক্ষাৎ করে তার সমর্থন চাইবেন বলে ধারণা করা হচ্ছে। মধ্যপ্রাচ্যের ক্রমবর্ধমান সংঘাত নিয়ে আলোচনায় মধ্যস্থতাকারী দেশ পাকিস্তান ও ওমান সফরে তেহরান ও ওয়াশিংটনের মধ্যে শান্তি প্রচেষ্টা অগ্রসর না হওয়ায় রাশিয়া সফরে গেলেন আরাঘচি। রাশিয়া ও ইরান ঘনিষ্ঠ কৌশলগত মিত্র। তবে, ইউক্রেনে আগ্রাসন অব্যাহত রাখায় মস্কো এখন পর্যন্ত মধ্যপ্রাচ্যের চলমান সংঘাতে জড়ায়নি। এর আগে, ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যমকে উদ্ধৃত করে বার্তা সংস্থা এএফপি জানায়, পাকিস্তান সফরের সময় এপ্রিলের মাঝামাঝি সময়ে অনুষ্ঠিত প্রথম দফার আলোচনা ব্যর্থ হওয়ার জন্য যুক্তরাষ্ট্রকে দায়ী করেছেন আরাঘচি। শনিবার তিনি বলেন, "যুক্তরাষ্ট্রের অতিরিক্ত দাবির কারণে আগের দফার আলোচনায় অগ্রগতি হওয়া সত্ত্বেও তার লক্ষ্য অর্জনে ব্যর্থ হয়েছে।„ তিনি আরো বলেন, "হরমুজ প্রণালি দিয়ে নিরাপদ যাতায়াত গুরুত্বপূর্ণ বৈশ্বিক বিষয়।„ তার মতে, সংঘাতের কারণে প্রণালিটি কার্যত বন্ধ হয়ে যাওয়ায় বিশ্বব্যাপী তেল ও গ্যাস সরবরাহে ব্যাপক বিঘ্ন ঘটেছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ রনি)

### সুপ্রিম কোর্ট বার নির্বাচনে অংশ নিতে পারবেন না আওয়ামীপন্থি আইনজীবীরা

সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি (এসসিবিএ)-এর সদস্যরা সিদ্ধান্ত নিয়েছেন, সমিতির আসন্ন নির্বাচনে আওয়ামী লীগপন্থি কোনো আইনজীবী অংশ নিতে পারবেন না। তারা বলছেন, সন্ত্রাসবিরোধী আইনের আওতায় আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ হওয়ায়, দলটির সমর্থক আইনজীবীদের নির্বাচনে অংশ নেওয়ার সুযোগ নেই। এর আগে, গত ১৫ এপ্রিল আইনজীবীদের নিয়ন্ত্রক ও তদারকি সংস্থা বাংলাদেশ বার কাউন্সিল জ্বালানি সংকটের কারণে এ নির্বাচন স্থগিত করে। ১৬ এপ্রিল বার কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করা এক বিজ্ঞপ্তিতে " সারা দেশে তীব্র জ্বালানি সংকটের কারণে নির্বাচনি কাজ ও প্রচার বিঘ্নিত হওয়ার আশঙ্কা থেকে„ নির্বাচন স্থগিত করার কথা জানানো হয়। গতকাল রোববার বিকেলে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সাউথ হলে অনুষ্ঠিত সাধারণ সদস্যদের এক বিশেষ সাধারণ সভায় (ইজিএম) আওয়ামী লীগপন্থি আইনজীবীদের সম্পর্কে এ সিদ্ধান্ত নেওয়া হয় বলে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার জানিয়েছে। সমিতির জ্যেষ্ঠ সহ-সভাপতি ও বিএনপিপন্থি আইনজীবী হুমায়ুন কবির মঞ্জুর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রায় ৩০০ আইনজীবী উপস্থিত ছিলেন। এসসিবিএ সূত্র জানায়, উপস্থিত আইনজীবীদের বেশির ভাগই বিএনপি ও জামায়াতে ইসলামীর সমর্থক। সুপ্রিম কোর্ট বার নির্বাচনের জন্য গঠিত নির্বাচন কমিশনকে কাছে জানানো হবে। হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি মিফতাহ উদ্দীন চৌধুরীর নেতৃত্বাধীন কমিশন এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে। আগামী ১৩ ও ১৪ মে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচন অনুষ্ঠিত হবে। এই নির্বাচনে সভাপতি ও সম্পাদকসহ মোট ১৪টি পদে আগামী এক বছরের জন্য নেতৃত্ব নির্বাচন করবেন আইনজীবীরা।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০৪.২০২৬ রনি)

## জাগো নিউজ

### এবার নারীদের `এলপিজি কার্ড, দেওয়ার ঘোষণা প্রধানমন্ত্রীর

ফ্যামিলি কার্ড ও কৃষি কার্ডের পাশাপাশি এবার নারীদের রান্নার কষ্ট লাঘবে `এলপিজি কার্ড, দেওয়ার ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার (২৭ এপ্রিল) যশোরের শার্শায় ঐতিহাসিক উলশী খাল পুনঃখনন কার্যক্রমের উদ্‌বোধনী অনুষ্ঠানে তিনি এ ঘোষণা দেন। এদিন দুপুর ১২টার দিকে যশোরের শার্শায় প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের স্মৃতি বিজড়িত উলাশী-যদুনাথপুর খাল পুনঃখনন কাজ উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী। তারেক রহমান বলেন, "দেশের প্রতিটি সাধারণ ও নারী প্রধান পরিবারের হাতে ফ্যামিলি কার্ড পৌঁছে দেওয়ার পাশাপাশি , সরকার এবার `এলপিজি কার্ড, দেওয়ার উদ্যোগ নিয়েছে।„ প্রধানমন্ত্রী বলেন, "মা-বোনদের একটি কারণে খুব কষ্ট হয় , সেটি হচ্ছে রান্নার কষ্ট। আমরা যেমন সারা দেশের মায়েদের কাছে ফ্যামিলি কার্ড পৌঁছে দিচ্ছি , সেরকম আরেকটি কার্ড দিতে চাই, সেটি হবে এলপিজি কার্ড। এলপিজি গ্যাস , এটি আমরা মা-বোনদেরকে পৌঁছে দেবো, যেন তাদের রান্নার জন্য আর কষ্ট করতে না হয়। „ নারীদের উচ্চশিক্ষায় শিক্ষিত করার অঙ্গীকার ব্যক্ত করে তারেক রহমান বলেন , দেশনেত্রী খালেদা জিয়া নারীদের জন্য শিক্ষা ব্যবস্থাকে ফ্রি করে দিয়ে গেছেন। প্রথমবার করেছেন স্কুল পর্যায় , দ্বিতীয়বার করেছেন ইন্টারমিডিয়েট পর্যায়। খালেদা জিয়ার সেই কর্মসূচির অংশকে আমরা আরও সামনে নিয়ে যেতে চাই। এজন্য আমরা সিদ্ধান্ত গ্রহণ করেছি , আমরা মেয়েদের শিক্ষা ব্যবস্থা ডিগ্রি পর্যন্ত অর্থাৎ উচ্চতর পর্যন্ত বিনামূল্যে ব্যবস্থা করবো। শুধু মেয়েদের শিক্ষা ব্যবস্থা আমরা ডিগ্রি পর্যন্ত ফ্রি করব না, একইসঙ্গে আমাদের যে মেয়েরা ভালো রেজাল্ট করতে পারবে, তাদের জন্য আমরা উপবৃত্তির ব্যবস্থা করবো , যেন সরকার থেকে তারা আরও উচ্চতর শিক্ষালাভ করতে পারে। নারী প্রধান পরিবারের ক্ষমতায়ন প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন , আমরা নির্বাচনের আগে বলেছিলাম খাল খনন করবো, আমরা ওয়াদা রেখেছি। বলেছিলাম, মা-বোনদের স্বাবলম্বী করার জন্য ফ্যামিলি কার্ড দেবো। আগামী ৫

বছরের মধ্যে আমরা চেষ্টা করবো দেশের সব গ্রামের মায়েদের হাতে এই ফ্যামিলি কার্ড পৌঁছে দেওয়ার। বক্তব্যের শেষে তিনি সব ধর্মের মানুষের প্রতি সম্মান জানিয়ে বলেন, "আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম, মসজিদের ইমাম, খতিব ও মুয়াজ্জিনসহ সব ধর্মের ধর্মগুরুদের জন্য সরকারিভাবে সম্মানীর ব্যবস্থা করবো। সেই প্রতিশ্রুতির বাস্তবায়ন আমরা ইতোমধ্যেই শুরু করেছি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## গণভোট ও জুলাই সনদ নিয়ে বিভ্রান্তকারীদের প্রশ্রয় দেওয়া যাবে না: প্রধানমন্ত্রী

রাজনৈতিক স্বার্থে গণভোট ও জুলাই সনদকে বিভ্রান্ত করার চেষ্টা করছে - এমন ব্যক্তিদের প্রশ্রয় না দিতে জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন, কিছু ব্যক্তি ও রাজনৈতিক দল এখন গণভোটকে ভিন্ন পথে পরিচালিত এবং দেশের মানুষকে বিভ্রান্ত করে বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করছে। সোমবার (২৭ এপ্রিল) দুপুরে যশোরের শার্শা উপজেলার ঐতিহাসিক উলসী খালের পাড়ে পুনর্খনন কাজের উদ্বোধন শেষে আয়োজিত এক সংক্ষিপ্ত সমাবেশে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, যারা গণভোটের রায়কে ভিন্ন খাতে নেওয়ার চেষ্টা করছে এবং নিজেদের রাজনৈতিক স্বার্থে জুলাই সনদকে ভুলভাবে উপস্থাপন করছে, তাদের বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে। তিনি আরও বলেন, যারা নিজেদের রাজনৈতিক স্বার্থ হাসিলের জন্য বিশৃঙ্খলা সৃষ্টি করতে চায়, যদি তারা এটা করতে না পারে, তবে জনগণের জন্য নেওয়া সব কর্মসূচি যেমন - নারীদের জন্য ফ্যামিলি কার্ড, কৃষকদের জন্য কৃষক কার্ড, খাল খনন কর্মসূচি, বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য বন্ধ মিল-কারখানা চালুর যে কর্মসূচি, স্বাস্থ্যসেবা গ্রামে গ্রামে পৌঁছে দেওয়ার কর্মসূচি, বৃক্ষরোপণের যে কর্মসূচিগুলো রয়েছে, সেগুলো বাস্তবায়নে তারা ব্যাঘাত সৃষ্টি করবে। দেশের অগ্রগতি যেন কেউ বাধাগ্রস্ত করতে না পারে, তা নিশ্চিত করতে জনগণকেই দায়িত্বশীল ভূমিকা রাখতে হবে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, রাজনৈতিক দলগুলোর স্বাক্ষরিত জুলাই সনদ ধাপে ধাপে এবং সম্পূর্ণভাবে বাস্তবায়ন করা হবে। প্রধানমন্ত্রী ৫ আগস্টের গণ-অভ্যুত্থানের কথা স্মরণ করিয়ে দিয়ে বলেন, জনগণ এরই মধ্যে প্রমাণ করেছে, তারা তাদের ইচ্ছাকে উপেক্ষা করার চেষ্টা মেনে নেয় না। যেভাবে জনগণ ৫ আগস্ট উপযুক্ত জবাব দিয়েছে, ভবিষ্যতেও কেউ তাদের ভাগ্য নিয়ে খেলতে চাইলে তারা একইভাবে জবাব দেবে। সরকারের বিভিন্ন উন্নয়ন উদ্যোগের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, এসব কার্যক্রম সফলভাবে বাস্তবায়িত হলে দেশের মানুষের জীবনে ইতিবাচক পরিবর্তন আসবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## বাবার খনন করা খাল পুনঃখনন করলেন প্রধানমন্ত্রী

যশোরের শার্শা উপজেলার উলশী এলাকায় দীর্ঘদিনের জলাবদ্ধতা ও পানি নিষ্কাশন সমস্যা সমাধানে খাল পুনঃখনন কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। সোমবার (২৭ এপ্রিল) এ কর্মসূচির উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। পাঁচ দশক আগে জিয়াউর রহমানের যেখান থেকে খাল খনন কর্মসূচি শুরু করেছিলেন, ঠিক সেখানেই খাল পুনঃখনন কার্যক্রম উদ্‌বোধন করলেন ছেলে তারেক রহমান। সোমবার (২৭ এপ্রিল) দুপুর ১২টার দিকে কোদাল দিয়ে মাটি কেটে এ খনন কার্যক্রমের সূচনা শেষে খালপাড়ে সুধী সমাবেশে অংশগ্রহণ করেন প্রধানমন্ত্রী। এর মধ্যদিয়ে তিনি দেশের তিনটি স্থানে মাটি কেটে খাল খনন কর্মসূচিতে অংশ নিলেন। এর আগে, প্রধানমন্ত্রী খালপাড়ে ফলক উন্মোচন করেন। ১৯৭৬ সালের ১ নভেম্বর শার্শা উপজেলার উলশী থেকে যদুনাথপুর পর্যন্ত প্রায় ৪ কিলোমিটার দীর্ঘ খাল স্বেচ্ছাশ্রমে খনন করেছিলেন জিয়াউর রহমান, যা `জিয়া খাল, নামে পরিচিত। পাঁচ দশক পর খালটি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে পুনঃখনন করা হচ্ছে। ১৯৭৬ সালের ১ নভেম্বর `বেতনা নদী, পুনঃখনন কাজ যখন উদ্‌বোধন করেন জিয়াউর রহমান, তখন তিনি সেনাপ্রধান ও উপ-প্রধান সামরিক আইন প্রশাসক ছিলেন। উলশী-যদুনাথপুর খাল খনন প্রকল্পের জিয়াউর রহমানের সেই ফলক এখনো আছে। তাতে লেখা রয়েছে- `উলসী-যদুনাথপুর বেতনা নদীর সংযোগ প্রকল্প। দেশব্যাপী স্বেচ্ছাশ্রম ভিত্তিক গণউপযোগ অনুগামী প্রকল্প বাস্তবায়নে সামাজিক আন্দোলনের প্রথম পদক্ষেপ হিসেবে উদ্‌বোধন করেন মেজর জেনারেল জিয়াউর রহমান। ১ নভেম্বর ১৯৭৬।,

(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## ভুল ও অপতথ্য প্রতিরোধ আমাদের জন্য যুদ্ধে পরিণত হয়েছে: তথ্যমন্ত্রী

ভুল ও অপতথ্য প্রতিরোধ তথ্য মন্ত্রণালয়ের জন্য যুদ্ধে পরিণত হয়েছে বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। সোমবার (২৭ এপ্রিল) বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট টি ক্রিস্টেনসেনের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের এ তথ্য জানান মন্ত্রী। তিনি বলেন, আলোচনায় এসেছে যে, সারা পৃথিবীতেই এবং আমাদের জন্য তো অবশ্যই মিস-ইনফরমেশন এবং ডিস-ইনফরমেশনকে (ভুল এবং মিথ্যা বা অপতথ্য) কমব্যাট করাটা একটা প্রধান চ্যালেঞ্জ। তথ্য মন্ত্রণালয়ের দিক থেকেও এটা আমাদের জন্য এখন যুদ্ধে পরিণত হয়েছে। মন্ত্রী বলেন, বিশেষ করে ডিজিটাল প্ল্যাটফর্মগুলোতে যেভাবে মানুষের জন্য সুযোগ রয়ে গেছে, সেই সুযোগে অপতথ্য প্রচারকারীরা একটা বড়ো ধরনের সমস্যা তৈরি করছে সমাজ জীবনে, রাষ্ট্র জীবনে, নাগরিক জীবনে এবং সেই ক্ষেত্রে রাষ্ট্র এবং সরকার কীভাবে জনগণকে এই অপতথ্যের হাত থেকে সুরক্ষা দিতে পারে, এটা আমাদের জন্য একটা বড়ো চ্যালেঞ্জ।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## যেভাবে খুন হন কাস্টমস কর্মকর্তা বুলেট বৈরাগী

চট্টগ্রাম থেকে কুমিল্লায় ফেরার পথে নিখোঁজ হওয়া কাস্টমস কর্মকর্তা বুলেট বৈরাগী হত্যার রহস্য উদ্‌ঘাটন করেছে র্যাব। বাহিনীটি জানিয়েছে, মধ্যরাতে বাস থেকে নামার পর ওত পেতে থাকা একটি সংঘবদ্ধ ছিনতাইকারী চক্রের কবলে পড়ে নির্মম হত্যার শিকার হন তিনি। র্যাব জানায়, ছিনতাইকারীদের আঘাত এবং চলন্ত সিএনজিচালিত অটোরিকশা থেকে ধাক্কা দিয়ে ফেলে দেওয়ায় ঘটনাস্থলেই মৃত্যু হয় বুলেট বৈরাগীর। এ ঘটনায় জড়িত পাঁচজনকে গ্রেফতার করা হয়েছে। তারা হলেন - মো. সোহাগ, ইসমাইল হোসেন জনি, ইমরান হোসেন হৃদয়, রাহাত হোসেন জুয়েল এবং সুজন। কুমিল্লার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। সোমবার (২৭ এপ্রিল) দুপুরে রাজধানীর কারওয়ান বাজারে র্যাব মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে র্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক উইং কমান্ডার এম জেড এম ইন্তেখাব চৌধুরী এসব তথ্য জানান। তিনি বলেন, গত ২৪ এপ্রিল রাত ১১টার দিকে চট্টগ্রাম থেকে কুমিল্লায় ফেরার পথে নিখোঁজ হন বুলেট বৈরাগী। প্রায় ১২ ঘণ্টা পর, ২৫ এপ্রিল সকাল পৌনে ৯টার দিকে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কোটবাড়ি এলাকায় একটি হোটেলের পাশ থেকে তার মরদেহ উদ্ধার করে ময়নামতি হাইওয়ে থানা পুলিশ। মরদেহে আঘাতের একাধিক চিহ্ন ছিল। এ ঘটনায় ভুক্তভোগীর মা বাদী হয়ে কুমিল্লার সদর দক্ষিণ মডেল থানায় অজ্ঞাতনামাদের আসামি করে হত্যা মামলা দায়ের করেন। র্যাবের এই কর্মকর্তা আরও জানান, ঘটনার পরপরই গোয়েন্দা টিম মাঠে নামে, এরপর গোয়েন্দা নজরদারি বাড়ায়। গোপন সংবাদের ভিত্তিতে ২৬ এপ্রিল কুমিল্লার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে আসামিদের গ্রেফতার করা হয়। এসময় হত্যাকাণ্ডে ব্যবহৃত একটি সিএনজিচালিত অটোরিকশা, চাপাতি, সুইস গিয়ার, হাতুড়িসহ বিভিন্ন আলামত উদ্ধার করা হয়। গ্রেফতারদের প্রাথমিক জিজ্ঞাসাবাদে রাতে র্যাব জানায়, গ্রেফতাররা একটি সংঘবদ্ধ অপরাধচক্রের সক্রিয় সদস্য। তারা মূলত দূরপাল্লার যাত্রীদের টার্গেট করে সিএনজিতে তুলে অস্ত্রের ভয় দেখিয়ে ছিনতাই ও ডাকাতি করত। ঘটনার রাতে কুমিল্লায় বাস থেকে জাগরঝুলি এলাকায় নামেন বুলেট। এই সময়ে ওত পেতে থাকা অবস্থায় ভুক্তভোগীকে টার্গেট করা হয়। পরে সিএনজিচালিত অটোরিকশায় তুলে তাকে মারধর ও ছিনতাইয়ের পর চলন্ত গাড়ি থেকে ফেলে দেওয়া হয়। এতে মাথায় গুরুতর আঘাত পেয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। এক প্রশ্নের জবাবে উইং কমান্ডার ইন্তেখাব চৌধুরী বলেন, গ্রেফতারদের বিরুদ্ধে বিভিন্ন থানায় চুরি, ডাকাতি ও মাদক সংক্রান্ত একাধিক মামলা রয়েছে। তাদের বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## জামালপুরে ঝড়ে ঘরের ওপর গাছ পড়ে মা ও দুই মেয়ে নিহত

জামালপুরের মেলান্দহ উপজেলায় কালবৈশাখি ঝড়ে বসতবাড়ির ওপর গাছ ভেঙে পড়ে মা ও দুই মেয়ে নিহত হয়েছেন। রোববার (২৬ এপ্রিল) দিবাগত রাত সাড়ে ৩টার দিকে উপজেলার নয়ানগর ইউনিয়নের পূর্ব দাগী গ্রামে এ ঘটনা ঘটে। সোমবার সকালে বিষয়টি নিশ্চিত করেছেন মেলান্দহ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) জিন্নাতুল আরা। নিহতরা হলেন- দাগী এলাকার মৃত গনি মণ্ডলের স্ত্রী খুকি বেগম (৬৫) এবং তার দুই মেয়ে ফরিদা আক্তার (৪০) ও ফতে আক্তার (৩৭)। স্থানীয় বাসিন্দা ও ফায়ার সার্ভিস সূত্রে জানা যায়, রোববার রাতে নিজ বসতঘরের একই বিছানায় ঘুমিয়ে ছিলেন মা ও দুই মেয়ে। রাতে দমকা হাওয়ার সঙ্গে নেমে আসে প্রচণ্ড ঝড়। ওই মুহূর্তে ঘরের পাশের একটি বড়ো মেহগনি গাছ উপড়ে টিনের ঘরের ওপর পড়ে। এই ঘটনায় ঘরের ভেতরে ঘুমিয়ে থাকা তিনজনই গাছের নিচে চাপা পড়েন এবং ঘটনাস্থলেই তারা নিহত হন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## ঢাকার ১১ পাম্পে ফুয়েল পাস ছাড়া মিলবে না জ্বালানি তেল

ঢাকার ১১টি ফিলিং স্টেশনে মঙ্গলবার (২৮ এপ্রিল) থেকে মোটরসাইকেলে জ্বালানি দেওয়ার জন্য ফুয়েল পাস বাধ্যতামূলক করা হয়েছে। সোমবার (২৭ এপ্রিল) দুপুরে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের ফেসবুক পেজের এক পোস্টে এই সিদ্ধান্তের কথা জানানো হয়েছে। ফিলিং স্টেশনগুলো হচ্ছে- করিম অ্যান্ড সন্স, শাপলা চত্বর, ঢাকা; ইউরেকা এন্টারপ্রাইজ (ফিলিং স্টেশন), মহাখালী, ঢাকা; মাসুদ হাসান ফিলিং স্টেশন, এয়ারপোর্ট, উত্তরা, ঢাকা; মেসার্স সততা অ্যান্ড কোম্পানি, ৪৩৯, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা; মেসার্স দিগন্ত ফিলিং স্টেশন, সেকশন-১৪, ইব্রাহিমপুর, মিরপুর, ঢাকা; মেসার্স কামাল ট্রেডিং এজেন্সি, ৮০, শহিদ তাজউদ্দিন আহম্মেদ সরণি, তেজগাঁও, ঢাকা; মেসার্স এস.পি, ফিলিং স্টেশন লিমিটেড, গাবতলী, মিরপুর, ঢাকা; সিটি ফিলিং স্টেশন, তেজগাঁও, ঢাকা-মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড, সেবা গ্রিন ফিলিং স্টেশন, উত্তরা-মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড, স্যাম অ্যাসোসিয়েটস, মিরপুর-০২-মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড, সুমাত্রা ফিলিং স্টেশন-কালশী রোড, মিরপুর। মন্ত্রণালয় আরও জানায়, ব্যক্তিগত গাড়ি রেজিস্ট্রেশনের জন্য 'ঘ' সিরিজ উন্মুক্ত করা হয়েছে। এর আগে গতকাল ক, খ এবং গ সিরিজের গাড়ি রেজিস্ট্রেশনের জন্য উন্মুক্ত করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## আগাম জামিন পেলেন জামায়াতের এমপি আমির হামজা

মানহানির অভিযোগে করা মামলায় কুষ্টিয়া-৩ আসনের জামায়াত ইসলামির সংসদ সদস্য মুফতি আমির হামজার মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত আগাম জামিন মঞ্জুর করে আদেশ দিয়েছেন হাইকোর্ট। একইসঙ্গে তাকে কেন স্থায়ী জামিন দেওয়া হবে না , সেই মর্মে জানতে চেয়ে রুল জারি করেছেন উচ্চ আদালত। সোমবার (২৭ এপ্রিল) হাইকোর্টের বিচারপতি জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই আদেশ দেন। আদালতে এদিন আমির হামজার পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী মোহাম্মদ শিশির মনির , সঙ্গে ছিলেন অ্যাডভোকেট সাদ্দাম হোসেন। আর রাষ্ট্রপক্ষে শুনানি করেন , ডেপুটি অ্যাটর্নি জেনারেল মো . আশিকুজ্জামান নজরুল, সহকারী অ্যাটর্নি জেনারেল মো. আলামিন। জামিনের পর আইনজীবী মোহাম্মদ শিশির মনির সাংবাদিকদের বলেন , হাইকোর্ট মুফতি আমির হামজাকে ৮ সপ্তাহ বা মামলার বিচার শেষ না হওয়া পর্যন্ত আগাম জামিন দিয়েছেন। একইসঙ্গে নিম্ন আদালতে আত্মসমর্পণের জন্য বলেছেন আদালত। উপযুক্ত সময়ে তিনি সিরাজগঞ্জের আদালতে আত্মসমর্পণ করবেন বলেও জানান আইনজীবী। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## সৌদিতে মারা গেলেন আরও ২ বাংলাদেশি হজযাত্রী

এখন পর্যন্ত ৮৯টি হজ ফ্লাইটে সৌদি আরবে পৌঁছেছেন ৩৫ হাজার ৭৬৬ জন বাংলাদেশি হজযাত্রী। এর মধ্যে সরকারি ব্যবস্থাপনার হজযাত্রী ৩ হাজার ২৮৪ জন ও বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রী ৩২ হাজার ৪৮২ জন। সৌদি আরবে যাওয়া আরও দুইজন হজযাত্রী মৃত্যুবরণ করেছেন। এ নিয়ে এখন পর্যন্ত সৌদি আরবে যাওয়া মোট ৪ জন বাংলাদেশি হজযাত্রী মারা গেছেন। মারা যাওয়া ৪ জনই পুরুষ এবং তারা মক্কায় মারা গেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## টেলিগ্রামে নারী শিক্ষার্থীদের গোপন ছবি ফাঁস করে টাকা আদায় গ্রেফতার ৫

সামাজিক যোগাযোগমাধ্যম টেলিগ্রাম গ্রুপে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পড়ুয়া নারী শিক্ষার্থীদের ব্যক্তিগত ছবি সংগ্রহ করে ব্ল্যাকমেইল ও অর্থ আদায়ের অভিযোগে একটি সাইবার অপরাধচক্রের পাঁচ সদস্যকে গ্রেফতার করেছে র্যা পিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)। গ্রেফতাররা হলেন- মেরাজুর রহমান আরমান, বিল্লাল হোসেন অন্তর, রবি আলম মমিন, আল আমিন ইসলাম ও হাসিব। সোমবার (২৭ এপ্রিল) দুপুরে রাজধানীর কারওয়ান বাজারে র্যাব মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে র্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক উইং কমান্ডার এম জেড এম ইন্তেখাব চৌধুরী এসব তথ্য জানান। তিনি বলেন, সম্প্রতি র্যাবের অনুসন্ধানে একটি সুসংগঠিত সাইবার অপরাধচক্রের সন্ধা ন পাওয়া যায়, যারা বাংলাদেশের স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পড়ুয়া মেয়েদের টার্গেট করে তাদের ব্যক্তিগত ছবি ও ভিডিও সংগ্রহ, সংরক্ষণ এবং বাণিজ্যিকভাবে বিক্রি করে আসছিল। এই চক্রটি মূলত টেলিগ্রাম প্ল্যাটফর্ম ব্যবহার করে তাদের কার্যক্রম পরিচালনা করে এবং বিভিন্ন প্রা ইভেট চ্যানেলের মাধ্যমে অশ্লীল ছবি এবং ভিডিও অর্থের বিনিময়ে সরবরাহ করে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## রাউজানে ৪৩ ঘণ্টার ব্যবধানে ফের গুলি, নিহত যুবদল কর্মী

চট্টগ্রামের রাউজানে ৪৩ ঘণ্টার ব্যবধানে আবারও গুলির ঘটনা ঘটেছে। এবার নাছির উদ্দীন (৫৫) নামের এক যুবদল কর্মীকে গুলি করে হত্যা করেছে দুর্বৃত্তরা। রোববার (২৬ এপ্রিল) দিনগত রাতে উপজেলার কদলপুর ইউনিয়নের লেংগা বাইল্যার ঘাটা এলাকায় নিজ বাড়ির কাছেই এ ঘটনা ঘটে। এর আগে, গত শুক্রবার একই উপজেলায় কাউসার উর জামান বাবলু নামে আরেক বিএনপি কর্মীকে গুলি করে হত্যা করা হয়। পরপর দুই হত্যাকাণ্ডে রাউজান জুড়ে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। নিহত নাছির উদ্দীন উপজেলার ৮ নম্বর কদলপুর ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের দক্ষিণ শমসের পাড়ার বাসিন্দা। তিনি প্রয়াত দুদু মিয়ার ছেলে। এক সময় যুবদলের রাজনীতির সঙ্গে যুক্ত থাকলেও , পরে বিএনপির রাজনীতিতে সক্রিয় হন। স্থানীয়ভাবে তিনি বিএনপি নেতা ও রাউজানের সংসদ সদস্য গিয়াস উদ্দিন কাদের চৌধুরীর অনুসারী হিসেবে পরিচিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## মুগদা এলাকায় ডিবির `ব্লক রেইড,, গ্রেফতার ৫৮

রাজধানীর মুগদা থানার টিটিপাড়া রেললাইন সংলগ্ন এলাকায় `ব্লক রেইড, পরিচালনা করে ৫৮ জন মাদকাসক্ত ব্যক্তিকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)-মতিঝিল বিভাগ। সোমবার (২৭ এপ্রিল) ঢাকা মেট্রোপলিটন পুলিশের মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগ উপ -পুলিশ কমিশনার এন এম নাসিরুদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। রোববার (২৬ এপ্রিল) দুপুর ৩টার দিকে এই `ব্লক রেইড, অভিযান পরিচালনা করা হয়। গ্রেফতারদের স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করা হলে আদালত সংক্ষিপ্ত বিচারে বিভিন্ন মেয়াদে তাদের সাজা দিয়ে কারাগারে পাঠান বলে জানান এন এম নাসিরুদ্দিন। রাজধানীর আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## শের-ই-বাংলা ফজলুল হকের ৬৪তম মৃত্যুবার্ষিকী আজ

অবিভক্ত বাংলার মুখ্যমন্ত্রী শের-ই-বাংলা এ কে ফজলুল হকের ৬৪তম মৃত্যুবার্ষিকী আজ (২৭ এপ্রিল)। ১৯৬২ সালের এই দিনে ঢাকায় মৃত্যুবরণ করেন তিনি। শের-ই-বাংলার মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে বিভিন্ন সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠন বিস্তারিত কর্মসূচি গ্রহণ করেছে। কর্মসূচির মধ্যে রয়েছে - মরহুমের কবরে পুষ্পস্তবক অর্পণ ও ফাতেহা পাঠ এবং আলোচনা সভা। শের-ই-বাংলা এ কে ফজলুল হকের ৬৪তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী তারেক রহমান পৃথক বাণী দিয়েছেন। প্রধানমন্ত্রী তার বাণীতে বলেন, শের-ই-বাংলা এ কে ফজলুল হক ছিলেন বাংলার অবহেলিত কৃষক সমাজের বন্ধু। তিনিই প্রথম উপলব্ধি করতে পেরেছিলেন, অবিভক্ত বাংলার রাজনীতি বাংলার কৃষিনির্ভর অর্থনীতির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। দূরদর্শিতা এবং অন্তর্দৃষ্টির মাধ্যমে তিনি কৃষক সমাজের স্বার্থকে রাজনৈতিক কাঠামোয় নিয়ে আসতে সক্ষম হন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## জিয়াউর রহমানের কবরে জিয়া শিশু কিশোর মেলার শ্রদ্ধা

শহিদ রাষ্ট্র পতি জিয়াউর রহমান ও তিনবারের প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার কবরে শ্রদ্ধা নিবেদন করেছে জাতীয়তাবাদী জিয়া শিশু কিশোর মেলার নবগঠিত কেন্দ্রীয় কমিটি। পরে সেখানে দোয়া ও মোনাজাতে অংশ নেন সংগঠনের নেতারা। সোমবার (২৭ এপ্রিল) সংগঠনের নেতারা কবরে ফুল দিয়ে শ্রদ্ধা জা নান। এসময় দেশ ও জাতির কল্যাণ কামনা এবং শ হিদ জিয়াউর রহমান ও বেগম খালেদা জিয়ার রুহের মাগফে রাত কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত পরিচালনা করেন, জিয়া শিশু কিশোর মেলার সভাপতি জাহাঙ্গীর শিকদার। শ্রদ্ধা নিবেদন শেষে প্রধান অতিথির বক্তব্যে জিয়া সাংস্কৃতিক সংগঠনের (জাসাস) সাবেক সভাপতি এম এ মালেক বলেন, শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান শিশুদের কল্যাণে বিভিন্ন উদ্যোগ নিয়েছিলেন। তিনি শিশু একাডেমি প্রতিষ্ঠা এবং শিশুদের বিনোদনের জন্য উদ্যোগ গ্রহণ করেছিলেন। সোহরাওয়ার্দী উদ্যানে শিশু পার্ক করেছিলেন। একইভাবে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াও শিশুদের বিকাশে নানা কর্মসূচি হাতে নিয়েছিলেন। বিটিভির জনপ্রিয় অনুষ্ঠান ‘নতুন কুঁড়ি, তার নির্দেশনায় চালু হয়েছিল বলে উল্লেখ করেন তিনি। তিনি আরও বলেন, জিয়াউর রহমান ও খালেদা জিয়ার শিশুদের নিয়ে যে স্বপ্ন, তা বাস্তবায়নে সংগঠনের নেতা-কর্মীরা কাজ করে যাবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## ঢাবি শিক্ষার্থীর মৃত্যু, সহযোগী অধ্যাপক কারাগারে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীর মৃত্যু ঘিরে দায়ের হওয়া আত্মহত্যায় প্ররোচনার মামলায়, থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক সুদীপ চক্রব র্তীকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। সোমবার (২৭ এপ্রিল) ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক রিপন হোসেন এ আদেশ দেন। এদিন মামলার তদন্ত কর্মকর্তা বাড্ডা থানার সাব -ইন্সপেক্টর কাজী ইকবাল হোসেন আসামিকে কারাগারে আটক রাখার আবেদন জানান। আবেদনে বলা হয়, গোপন তথ্যের ভিত্তিতে উত্তর বাড্ডা এলাকায় অভিযান চালিয়ে রোববার বিকেল ৩টা ২০ মিনিটের দিকে সুদীপ চক্রবর্তীকে আটক করা হয়। পরে তাকে মামলায় গ্রেফতার দেখিয়ে জিজ্ঞাসাবাদ করা হলে, প্রাথমিক তদন্তে ঘটনার সঙ্গে তার সম্পৃক্ততার ইঙ্গিত পাওয়া গেছে বলে উল্লেখ করা হয়। তদন্ত কর্মকর্তা আদালতকে জানান, মামলার তদন্ত এখনও চলমান এবং ন্যায়বিচারের স্বার্থে তদন্ত শেষ না হওয়া পর্যন্ত আসামিকে কারাগারে রাখা প্রয়োজন। একই সঙ্গে তদন্তের অগ্রগতির ভিত্তিতে তাকে রিমান্ডে নেওয়ার প্রয়োজন হতে পারে বলেও আবেদনে উল্লেখ করা হয়। মামলার সূত্রে জানা যায়, মুনিরা মাহজাবিন মিমো ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ছিলেন। তিনি পরিবারের সঙ্গে বাড্ডা এলাকায় বসবাস করতেন। রোববার সকালে নিজ কক্ষ থেকে তাকে অচেতন অবস্থায় উদ্ধার করে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। ঘটনাস্থল থেকে একটি হাতে লেখা চিরকুট উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছে সংশ্লিষ্টরা। পরে দুপুরের দিকে শিক্ষার্থীর বাবা আত্মহত্যায় প্ররোচনার অভিযোগ এনে সুদীপ চক্রবর্তীর বিরুদ্ধে মামলা দায়ের করেন। এরপরই তাকে গ্রেফতার দেখানো হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## স্থানীয় নির্বাচনে অংশ নিতে প্রস্তুত জামায়াতের নারীরা

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে রেকর্ডসংখ্যক আসন পেয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। নির্বাচনে ভোটব্যাংক তৈরি ও মাঠে সক্রিয় থেকে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন দলটির নারীরা। তবে জা তীয় নির্বাচনে সরাসরি দল থেকে কোনো নারী প্রার্থী না থাকলেও, সামনে স্থানীয় নির্বাচন ঘিরে মাঠে সক্রিয় দলটির নারী বিভাগ। সারা দেশে ইউনিয়ন পরিষদ সদস্য, উপজেলা ভাইস চেয়ারম্যান, এমনকি সিটি করপোরেশন নির্বাচনেও নারী কাউন্সিলর প্রার্থী প্রায় চূড়ান্ত করেছে জামায়াত। জা মায়াতের নির্বাহী পরিষদ ও মহিলা বিভাগের একাধিক নেত্রীর সঙ্গে কথা বলে জানা গেছে, দীর্ঘ ১৬ বছর নির্বাচন থেকে দূরে থাকা এবং আওয়ামী লীগের নির্যাতন -নিপীড়নের কারণে ভোটকেন্দ্রিক তৎপরতা কম ছিল। জাতীয় সংসদ নির্বাচনে প্রচারণার সময় প্রার্থীদের সাধারণ মানুষের কাছে পরি চিত মুখ হিসেবে গড়ে তোলার

চেষ্টা করা হয়েছে। প্রচারণার সময় ইউনিয়ন পরিষদ সদস্য প্রার্থীরা নিজেদের পরিচয় দিয়েছেন। জাতীয় নির্বাচনের পরও এখন তারা স্থানীয় নির্বাচন ঘিরে ওয়ার্ড ও ইউনিয়নভিত্তিক কাজ করছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## অফিসে এসে ৪০ মিনিট উপস্থিতির নিয়ম মানছেন না অনেক কর্মকর্তা

সরকারি কর্মকর্তা-কর্মচারীদের প্রতিদিন সকাল ৯টা থেকে ৯টা ৪০ মিনিট পর্যন্ত অফিসে উপস্থিত থাকা বাধ্যতামূলক করেছে সরকার। তবে, সচিবালয়সহ বিভিন্ন সরকারি দপ্তরে অনেকেই এ নির্দেশনা মানছেন না। সোমবার (২৭ এপ্রিল) সকাল ৯টা থেকে ৯টা ৪০ মিনিট পর্যন্ত প্রশাসনের প্রাণকেন্দ্র সচিবালয়ের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ ঘুরে দেখা যায়, সিনিয়র সহকারী সচিব থেকে শুরু করে অতিরিক্ত সচিব পদমর্যাদার অনেক কর্মকর্তা ওই সময়েও নিজ নিজ অফিস কক্ষে উপস্থিত ছিলেন না। যাদের কক্ষে পাওয়া যায়নি, তাদের বেশিরভাগই তখনও অফিসে আসেননি, কেউ ছুটিতেও ছিলেন না। আবার কেউ কেউ উপস্থিত থাকলেও, ঊর্ধ্বতন কর্মকর্তাদের কক্ষে অবস্থান করছিলেন। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় জানিয়েছে, নির্ধারিত সময়ে কারা অফিসে আসছেন বা আসছেন না, তা নিয়মিতভাবে তদারকি করা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## সাবেক সেনা কর্মকর্তা মাসুদ উদ্দিন ৩ দিনের রিমান্ডে

জুলাই গণ-অভ্যুত্থানে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ঘিরে রাজধানীর মিরপুরে দেলোয়ার হোসেন হত্যাকাণ্ডের ঘটনায় গ্রেফতার সাবেক সংসদ সদস্য ও সেনা কর্মকর্তা মাসুদ উদ্দিন চৌধুরীকে জিজ্ঞাসাবাদের জন্য ফের তিনদিনের রিমান্ড দিয়েছেন আদালত। সোমবার (২৭ এপ্রিল) ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মনিরুল ইসলাম এ আদেশ দেন। এদিন আসামিকে আদালতে হাজির করে মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ। মামলার তদন্ত কর্মকর্তা সাব-ইন্সপেক্টর কফিল উদ্দিন তার বিরুদ্ধে সাতদিনের রিমান্ড আবেদন করেন। শুনানিতে রাষ্ট্রপক্ষের আইনজীবী মুহাম্মদ শামছুদ্দোহা সুমন রিমান্ডের পক্ষে যুক্তি তুলে ধরেন। অন্যদিকে আসামিপক্ষের আইনজীবী তৌহিদুল ইসলাম রিমান্ড বাতিলসহ জামিনের আবেদন জানান। উভয়পক্ষের শুনানি শেষে আদালত তিনদিনের রিমান্ড মঞ্জুর করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## নুসরাত তাবাসসুমের মনোনয়নপত্র গ্রহণে হাইকোর্টের নির্দেশ

জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের নির্বাচনে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম আহ্বায়ক নুসরাত তাবাসসুমের মনোনয়নপত্র গ্রহণ করতে নির্বাচন কমিশনকে (ইসি) নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সোমবার (২৭ এপ্রিল) হাইকোর্টের বিচারপতি আহমেদ সোহেল ও বিচারপতি ফাতেমা আনোয়ারের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই নির্দেশ দেন। একইসঙ্গে মনোনয়নপত্রটি গ্রহণ করে আইন অনুযায়ী বিবেচনা করতে বলা হয়েছে। এছাড়া, এটি না গ্রহণের সিদ্ধান্ত কেন বেআইনি ও অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত। ১৯ মিনিট দেরির কারণে মনোনয়নপত্র জমা দিতে না পারা নুসরাত তাবাসসুম তার প্রার্থিতা ফিরে পেতে এর আগে হাইকোর্টে রিট আবেদন করেন। আদালতে আজ তার পক্ষে শুনানি করেন সিনিয়র আইনজীবী মুহাম্মদ হোসেন লিপু ও মনিরুজ্জামান। আদেশের বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন তার আরেক আইনজীবী জহিরুল ইসলাম মূসা।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## মাদক-জুয়ার বিরুদ্ধে ৩০ এপ্রিলের পরে সমন্বিত অভিযান

আগামী ৩০ এপ্রিল জাতীয় সংসদের চলমান অধিবেশন শেষ হওয়ার পর পরই সারা দেশে মাদক, জুয়া ও অনলাইন জুয়ার বিরুদ্ধে সুসমন্বিত অভিযান শুরু করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। সোমবার (২৭ এপ্রিল) জাতীয় সংসদের অধিবেশনে তিনি এ ঘোষণা দেন। স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে জরুরি জনগুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ নোটিশের জবাবে এ তথ্য জানান স্বরাষ্ট্রমন্ত্রী। এর আগে, নোয়াখালী-২ আসনের সংসদ সদস্য জয়নুল আবদিন ফারুক তার নোটিশে বলেন, রাত হলেই বুনো উল্লাস, দমে না সিসা লাউঞ্জ। রাজধানীর অভিজাত এলাকার আবাসিক ভবন, রেস্টুরেন্ট ও ক্যাফের আড়ালে গড়ে ওঠা অবৈধ সিসা লাউঞ্জ বন্ধ করা যাচ্ছে না। বারবার অভিযান চালানো হলেও, বন্ধ হচ্ছে না। কেউ কেউ ঠিকানা পরিবর্তন করে। কেউ কিছু কিছু প্রশাসনের ইঙ্গিতে চালাচ্ছে এই অবৈধ ব্যবসা, ব্যবস্থা নিন। জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, জাতির কাছে আমাদের নির্বাচনি প্রতিশ্রুতি অনুযায়ী দেশে জুয়া, অনলাইন জুয়া ও মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা করেছি। আগামী ৩০ এপ্রিল সংসদের সেশন শেষ হওয়ার পর আমরা সারা দেশে একটি সুসমন্বিত অভিযান পরিচালনা করব। এ দেশের যুবসমাজকে রক্ষা করতে এর কোনো বিকল্প নেই।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## দেশের সব বিমানবন্দরে নিরাপত্তা জোরদার

রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ দেশের সব বিমানবন্দরে নিরাপত্তা জোরদার করা হয়েছে। বিশেষ করে, শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের গুরুত্বপূর্ণ সব স্থানে নজরদারি বাড়ানো হয়েছে। সোমবার (২৭ এপ্রিল) বিমানবন্দর সংশ্লিষ্ট সূত্র জাগো নিউজকে এসব তথ্য নিশ্চিত করেছে। সম্প্রতি দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় ও সরকারি স্থাপনায় একটি নিষিদ্ধঘোষিত জঙ্গি সংগঠনের সম্ভাব্য হামলার পরিকল্পনার বিষয়ে গোয়েন্দা সতর্কতা জারি করে বাংলাদেশ পুলিশ। পুলিশ সদর দপ্তরের ডিআইজি (কনফিডেনশিয়াল) কামরুল আহসানের সই করা একটি দাপ্ত রিক চিঠির মাধ্যমে গত বৃহস্পতিবার (২৩ এপ্রিল) এই সতর্কতা জারি করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## বাংলাদেশে ভারতের নতুন হাইকমিশনার দিনেশ ত্রিবেদী

দিনেশ ত্রিবেদীকে বাংলাদেশে ভারতের নতুন হাইকমিশনার হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। সোমবার (২৭ এপ্রিল) ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। দিনেশ ত্রিবেদী ঢাকায় প্রণয় ভার্মার স্থলাভিষিক্ত হচ্ছেন। শিগ্গির তিনি এই দায়িত্ব গ্রহণ করবেন বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এরই মধ্যে ঢাকায় ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মাকে বেলজিয়ামে ভারতের রা ষ্ট্রদূত হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। ২০২২ সালের আগস্ট থেকে তিনি বাংলাদেশে দেশটির হাইকমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন। এদিকে , দিনেশ ত্রিবেদীর নিয়োগের মধ্যদিয়ে দীর্ঘদিন পর ভারতের কোনো রাজনীতিবিদ বাংলাদেশে হাইকমিশনারের দায়িত্বে আসছেন। ৭৫ বছর বয়সি পশ্চিমবঙ্গের এই রাজনীতিবিদ তৃণমূল কংগ্রেসের প্রতিনিধি হিসেবে ভারতের সাবেক কংগ্রেস নেতৃত্বাধীন সংযুক্ত প্রগতিশীল মোর্চা (ইউপিএ) সরকারের কেন্দ্রীয় রেলমন্ত্রী এবং স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনাবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্ব পালন করেছেন। ২০২১ সালে তৃণমূল কংগ্রেস ছেড়ে বিজেপিতে যোগ দেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## প্রস্তুতি শেষে দ্রুত স্থানীয় সরকার নির্বাচন: সংসদে মির্জা ফখরুল

প্রয়োজনীয় প্রস্তুতি শেষে দ্রুত স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচনি প্রক্রিয়া শুরু করা হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। স্থানীয় সরকার নির্বাচনের বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনাধীন বলে জানান তিনি। সোমবার (২৭ এপ্রিল) জাতীয় সংসদে জামায়াতে ইসলামীর সংসদ সদস্য (চট্টগ্রাম-১৬) জহিরুল ইসলামের প্রশ্নের জবাবে মন্ত্রী এসব তথ্য জানান। স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে প্রশ্নোত্তর টেবিলে উত্থাপিত হয়। আজকের অধিবেশনে স্বতন্ত্র সংসদ সদস্য রুমিন ফারহানার প্রশ্নের জবাবে স্থানীয় সরকারমন্ত্রী বলেন , স্থানীয় সরকার নির্বাচন ধাপে ধাপে অনুষ্ঠিত হয়। ধাপে ধাপে অনুষ্ঠানে সব স্তরের নির্বাচন সম্পন্ন করতে ১০ মাস থেকে এক বছর সময়ের প্রয়োজন হয়। নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে ভোটার তালিকা প্রস্তুত , ভোটের সামগ্রী সংগ্রহ , ধর্মীয় উৎসব , পাবলিক পরীক্ষা , আবহাওয়া, কেন্দ্র চূড়ান্তকরণ ও সংস্কার , নির্বাচনি কর্মকর্তাদের প্রশিক্ষণ ইত্যাদি বিবেচনায় নিয়ে তফশিল ঘোষণা করতে হয়। তফশিল ঘোষণার প্রাক-প্রস্তুতি হিসেবে ন্যূনতম ৪৫ দিন প্রয়োজন হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## যুক্তরাষ্ট্রে দুই বাংলাদেশি শিক্ষার্থী হত্যার বিচার চাইলেন তথ্যমন্ত্রী

যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় দুই বাংলাদেশি শিক্ষার্থীর হত্যাকাণ্ডের সুষ্ঠু বিচার প্রত্যাশা করেছেন , তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। সোমবার (২৭ এপ্রিল) বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট টি . ক্রিস্টেনসেনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ প্রত্যাশা ব্যক্ত করেন। সাক্ষাতে পারস্পরিক সম্পর্ক জোরদার এবং দুই দেশের গণমাধ্যম, সংস্কৃতি ও জ্ঞানভিত্তিক সহযোগিতা বৃদ্ধি নিয়ে আলোচনা হয়। বৈঠকে মার্কিন রাষ্ট্রদূতকে তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেন , সরকার গণমাধ্যমের স্বা ধীনতা নিশ্চিতে বদ্ধপরিকর। একই সঙ্গে ভুল তথ্য ও অপতথ্যের ঝুঁকি থেকে জনগণকে সুরক্ষা দেওয়াও জরুরি। তিনি বর্তমান প্রযুক্তির বিশ্বে ডিজিটাল প্ল্যা টফর্মকে একটি নিয়ম-নীতি ও শৃঙ্খলার মধ্যে আনার ওপর জোর দেন। এক্ষেত্রে সব দেশকে সম্মিলিতভাবে কাজ করার ওপর গুরুত্বারোপ করেন তথ্যমন্ত্রী।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## পুলিশ হেডকোয়ার্টার্স পরিদর্শনে এনডিসি টিম

ন্যাশনাল ডিফেন্স কলেজের `এনডিসি কোর্স-২০২৬,-এর প্রশিক্ষণার্থী কর্মকর্তারা তাদের প্রশিক্ষণের অংশ হিসেবে পুলিশ হেডকোয়ার্টার্স পরিদর্শন করেছেন। সোমবার (২৭ এপ্রিল) এয়ার ভাইস মার্শাল শফিকুল ইসলামের নেতৃত্বে তারা পুলিশ হেডকোয়ার্টার্স পরিদর্শন করেন। পরিদর্শনকালে পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) আলী হোসেন ফকিরের সঙ্গে প্রতিনিধিদলের প্রধান এয়ার ভাইস মার্শাল শফিকুল ইসলাম সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় উভয়ে শুভেচ্ছা স্মারক বিনিময় করেন। এনডিসি টিমের পুলিশ হেডকোয়ার্টার্স পরিদর্শন উপলক্ষ্যে অতিরিক্ত আইজি (এইচআরএম)

খোন্দকার রফিকুল ইসলামের সভাপতিত্বে পুলিশ হেডকো য়ার্টার্সের হল অব ইন্টেগ্রেটিতে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## জাল সনদের ২৬২ শিক্ষক-কর্মচারী ধরা, ফেরত দিতে হবে বেতন-ভাতার টাকা

দেশের মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানে জাল সনদ দিয়ে চাকরি করা ২৬২ জন শিক্ষক-কর্মচারীকে শনাক্ত করেছে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর (ডিআইএ)। তাদের তালিকা প্রতিবেদন আকারে শিক্ষা মন্ত্রণালয়ে জমা দিয়েছে সংস্থাটি। তাদের মধ্যে ২৫১ জনের শিক্ষক নিবন্ধন সনদ ও বাকি ১১ জনের বিপিএড, বিএড বা গ্রন্থাগার বিষয়ের সনদ `জাল,। সোমবার (২৭ এপ্রিল) এ প্রতিবেদন জমা দেওয়া হয়। প্রতিবেদনে জাল সনদের শিক্ষক -কর্মচারীদের এ যাবৎকালে নেওয়া বেতন -ভাতার অর্থ ফেরত নেওয়ার সুপারিশ করেছে তদন্তকারী সংস্থা (ডিআইএ)। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, জাল সনদধারীদের কাছ থেকে তাদের নেওয়া বেতন -ভাতার প্রায় ৫০ কোটি টাকা ফেরত আদায়ের সুপারিশ করা হয়েছে। এর মধ্যে এনটিআরসিএর জাল শিক্ষক নিবন্ধন সনদধারীদের কাছ থেকে আদায়যোগ্য অর্থের পরিমাণ প্রায় ৪৮ কোটি টাকা। অন্যদিকে জাল বিএড, বিপিএড ও অন্য সনদধারীদের ক্ষেত্রে এর পরিমাণ প্রায় ১ কোটি ৭০ লাখ টাকা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## আওয়ামী লীগের নিষেধাজ্ঞা প্রত্যাহার চেয়ে জাতিসংঘে আইনজীবীদের আবেদন

আওয়ামী লীগের ওপর আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবিতে কক্সবাজারের ১৭৩ জন আইনজীবী সম্মিলিতভাবে জাতিসংঘ মানবাধিকার বিষয়ক হাইকমিশনারের কার্যালয়ে আবেদন জানিয়েছেন। ২২ এপ্রিল আবেদন দেওয়া হলেও, সোমবার (২৭ এপ্রিল) বিষয়টি ফলাওভাবে প্রচার পায়। কক্সবাজার জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি আ জ ম মাঈন উদ্দিন আবেদন দেওয়ার সত্যতা নিশ্চিত করেন। খোঁজ নিয়ে জানা গেছে, গত ১৯ এপ্রিল `গণতান্ত্রিক বহুত্ববাদ ও সংবিধানের ৩৮ অনুচ্ছেদ এবং মৌলিক অধিকার পরিপন্থি বাংলাদেশ আওয়ামী লীগের কার্যক্রমে নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবিতে কক্সবাজার জেলা সম্মিলিত আইনজীবীদের বিবৃতি, শিরোনামে ১৭৩ জন আইনজীবী স্বাক্ষরিত একটি বিবৃতি প্রকাশ করা হয়। এর ধারাবাহিকতায় ২২ এপ্রিল ঢাকায় অবস্থিত সংশ্লিষ্ট কার্যালয়ের প্রধানের কাছে একই দাবিতে স্বাক্ষরিত আবেদন জমা দেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## বজ্রপাতে প্রাণহানি কমাতে তালগাছ রোপণসহ একাধিক উদ্যোগনিয়েছে সরকার

হাওরসহ দেশের বিভিন্ন অঞ্চলে বজ্রপাতজনিত প্রাণহানি কমাতে কৃষক ও জেলেদের সুরক্ষায় একাধিক উদ্যোগ জোরদার করছে সরকার। এর মধ্যে সচেতনতা বৃদ্ধি, সাইরেন স্থাপন, তালগাছ রোপণ এবং বজ্রনিরোধক টাওয়ার স্থাপনের পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী আসাদুল হাবিব দুলু। সোমবার (২৭ এপ্রিল) জাতীয় সংসদের অধিবেশনে তিনি এসব তথ্য জানান। স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে জরুরি জনগুরুত্বপূর্ণ বিষয়ে মনোযোগ আকর্ষণ নোটিশের জবাবে এ তথ্য তুলে ধরেন মন্ত্রী। সুনামগঞ্জ -১ আসনের সংসদের আনা `আকস্মিক বজ্রপাত জনিত ক্ষতি মোকাবিলায় সঠিক গবেষণা ও বিজ্ঞানভিত্তিক পদক্ষেপ গ্রহণ, বিষয়টি উত্থাপন করেন। সংসদ সদস্য জানান, তার আসনের চারটি উপজেলায় হাওর বিস্তৃত থাকায় কৃষক ও মৎস্যজীবীরা সারা বছর সেখানে কাজ করেন। কিন্তু গ্রীষ্ম ও বর্ষা মৌসুমে আকস্মিক বজ্রপাতে প্রায়ই প্রাণহানির ঘটনা ঘটছে। সম্প্রতি দেশের বিভিন্ন স্থানে বজ্রপাতে ১২ জনের মৃত্যু হয়েছে, যার মধ্যে তার এলাকায় চারজন রয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## জুলাই সনদের পূর্ণ বাস্তবায়নে সংবিধান সংশোধন অপরিহার্য: চিফ হুইপ

জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনি বলেছেন, জুলাই সনদের অঙ্গীকার অনুযায়ী রাষ্ট্রীয় সংস্কার এবং জনগণের ম্যান্ডেট বাস্তবায়নে সংবিধান সংশোধন করা ছাড়া বর্তমান সরকারের সামনে আর কোনো পথ খোলা নেই। এই নির্বাচনে যারা জনগণের ম্যান্ডেট পেয়েছে, তাদের মূল লক্ষ্যই হলো জুলাই সনদের প্রতিটি লাইন, সেমিকোলন ও দাঁড়ি-কমা হুবহু বাস্তবায়ন করা। সোমবার (২৭ এপ্রিল) জাতীয় সংসদ ভবনের এলডি হলে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে চিফ হুইপ এসব কথা বলেন। সভা য় অন্য চার হুইপ উপস্থিত ছিলেন। চিফ হুইপ দেশের সাধারণ মানুষের অর্থনৈতিক ও সামাজিক নিরাপত্তার ওপর গুরুত্বারোপ করে বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের মূল দর্শন হলো - দেশের প্রতিটি মানুষের মুখে খাবার তুলে দেওয়া এবং কামার, কুমার, তাঁতি, স্বর্ণকারসহ সব শ্রেণি-পেশার মানুষের কর্মসংস্থান নিশ্চিত করা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## রাষ্ট্রপতিকে ধন্যবাদ দিলে বেগম জিয়ার আত্মা কষ্ট পাবে

রাষ্ট্রপতিকে ধন্যবাদ দিলে তিন তিনবারের প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার আত্মা চরমভাবে কষ্ট পাবে বলে মন্তব্য করেছেন নড়াইল-২ আসনের সংসদ সদস্য মো. আতাউর রহমান। সোমবার (২৭ এপ্রিল) জাতীয় সংসদে রাষ্ট্রপতির ওপর ভাষণ দিতে গিয়ে তিনি এ কথা বলেন। জামায়াতে ইসলামীর এই এমপি বলেন, যে রাষ্ট্রপতি (মো. সাহাবুদ্দিন) আমাদের তিন তিনবারের প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে কারাগারের অন্ধকারে রেখে হত্যা করাকে বৈধতা

দিয়েছিলেন। আজ সেই রাষ্ট্রপতিকে আমরা যদি ধন্যবাদ দেই , আমি নিশ্চিত বিশ্বাস করি, এর মাধ্যমে বেগম খালেদা জিয়ার আত্মা চরমভাবে কষ্ট পাবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## ইভিএম প্রকল্পে দুর্নীতির তদন্ত করছে দুদক, সংসদে জানালেন মন্ত্রী

গত আওয়ামী লীগ স রকারের আমলে কয়েক হাজার কোটি টাকা ব্যয়ে কেনা ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) প্রকল্পে ভয়াবহ অনিয়ম ও দুর্নীতির অভিযোগ তদন্ত করছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। একইসঙ্গে নিরীক্ষা অধিদপ্তর প্রকল্পটিতে বিভিন্ন আর্থিক অনিয়মের আপত্তি তুলেছে, যা এখনো নিষ্পত্তি হয়নি। সোমবার (২৭ এপ্রিল) জাতীয় সংসদে পাবনা-৫ আসনের সংসদ সদস্য মো. শামছুর রহমান শিমুল বিশ্বাসের এক প্রশ্নের জবাবে নির্বাচন কমিশন সচিবালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর এসব তথ্য জানান। সংসদে জানানো হয় , ২০১৮ সালের জুলাই থেকে ২০২৪ সালের জুন মেয়াদে দেড় লাখ ইভিএম কেনার জন্য ৩ হাজার ৮২৫ কোটি ৩৪ লাখ টাকার একটি প্রকল্প বাস্তবায়িত হয়েছে। এই ইভিএমগুলো অর্পিত ক্রয় পদ্ধতিতে বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে কেনা হয়েছিল। মন্ত্রী জানান, প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) গত ১৩ মে বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে (আইএমইডি) পাঠানো হলেও, এখন পর্যন্ত তার মূল্যায়ন প্রতিবেদন পাওয়া যায়নি। তবে নিরীক্ষা অধিদপ্তর এই প্রকল্পে বড়ো ধরনের বেশ কিছু নিরীক্ষা আপত্তি উত্থাপন করেছে। এই আপত্তিগুলো বর্তমানে নিষ্পত্তির অপেক্ষায়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## গুণগত শিক্ষা নিশ্চিতে কাজ করছে সরকার, কূটনীতিকদের শিক্ষামন্ত্রী

বাংলাদেশে গুণগত শিক্ষা নিশ্চিতে বিএনপি সরকার কাজ করছে বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহ্ছানুল হক মিলন। তুরস্ক , মালয়েশিয়া ও পাকিস্তানের প্রতিনিধিদলের সঙ্গে সাক্ষাৎকালে তি নি শিক্ষাব্যবস্থার বর্তমান চিত্র ও ভবিষ্যৎ পরিকল্পনাও তুলে ধরেন। সোমবার (২৭ এপ্রিল) মন্ত্রণালয়ে শিক্ষামন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন তুরস্কের রাষ্ট্রদূত রমিস সেন , মালয়েশিয়ার হাইকমিশনার মোহাম্মদ সুহাদা ওথমেন ও পাকিস্তানের হাইকমিশনার ইমরান হায়দার। এ সময় তুরস্ক , মালয়েশিয়া ও পাকিস্তানের সঙ্গে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন শিক্ষামন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## কড়াইল বস্তিতে ভ্রাম্যমাণ আইনি সেবা ক্যাম্প, পরামর্শ দিলেন আইনমন্ত্রী

মানুষের কাছে আইনি সহায়তা আরও সহজলভ্য করতে রাজধানীর কড়াইল ব স্তিতে ভ্রাম্যমাণ লিগ্যাল এইড ক্যাম্প আয়োজন করা হয়েছে। জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষ্যে সোমবার (২৭ এপ্রিল) বস্তির এরশাদ মাঠে এই ক্যাম্প আয়োজন করে আইন ও বিচার বিভাগ এবং বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর। এতে কারিগরি সহায়তা দেয় জার্মান উন্নয়ন সংস্থা জিআইজেড বাং লাদেশ। `সরকারি খরচে বিরোধ শেষ, সবার আগে বাংলাদেশ, প্রতিপাদ্য নিয়ে আয়োজিত এই উদ্যোগের মূল লক্ষ্য প্রান্তিক জনগোষ্ঠী , বিশেষ করে নারী ও নিম্ন আয়ের মানুষের কাছে আইনি সেবা পৌঁছে দেওয়া। যারা খরচ , দূরত্ব ও আইনি সচেতনতার অভাবে ন্যায়বিচার থেকে বঞ্চিত হন। ক্যাম্পের উদ্‌বোধনী অনুষ্ঠানে আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো . আসাদুজ্জামান বলেন, ”আমরা চাই, লিগ্যাল এইড সুবিধা দেশের প্রতিটি মানুষের দোরগোড়ায় পৌঁছে যাক। এটি প্রধানমন্ত্রীর `সবার আগে বাংলাদেশ, কর্মসূচির একটি গুরুত্বপূর্ণ অংশ।„ বর্তমান সরকার দেশের প্রতিটি এলাকার মানুষের দোরগোড়ায় আইনি সহায়তা পৌঁছে দিতে বহুমুখী উদ্যোগ নিয়েছে। যাদের আইনি সহায়তা প্রয়োজন কিন্তু আইনজীবী নিয়োগের সামর্থ্য নেই , তারা ১৬৬৯৯ নম্বরে কল করলেই সহায়তা পেতে পারেন। বাংলাদেশ লিগ্যাল এইড অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে এবং সরকারনির্ধারিত প্যানেলভুক্ত আইনজীবীদের মাধ্যমে বিনামূল্যে আইনি সহায়তা নিশ্চিত করে, যোগ করেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## খালেদা জিয়ার গাড়িবহরে হামলা: সাবেক ছাত্রলীগ নেতা লাভলুর জামিন বাতিল

সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার গাড়িবহরে হামলার মামলায় নিষিদ্ধ ছাত্রলীগের সাবে ক নেতা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার লাভলু মোল্লা শিশির জামিন মঞ্জুরের ২৪ ঘণ্টার মধ্যেই তা বাতিল হয়েছে। সোমবার (২৭ এপ্রিল) ঢাকার ১৭তম অতিরিক্ত মহানগর দায়রা জজ আদালতের বিচারক মো . ওয়াহিদুজ্জামান সময়মতো জামিননামা জমা না দেওয়ার কারণ দেখিয়ে জামিন বাতিলের আদেশ দেন। আলোচিত এই মামলায় রোববার (২৬ এপ্রিল) জামিন পান লাভলু মোল্লা শিশির। আদালতের বেঞ্চ সহকারী মো . আশরাফুল আমিন জানান, নির্ধারিত সময় পেরিয়ে যাওয়ার পর আসামিপক্ষ জামিননামা দাখিল করতে এলে , আদালত তা গ্রহণ না করে পূর্বের জামিন আদেশ বাতিল করেন। এর আগে, একই আদালত এক হাজার টাকা মুচলেকায় তার জামিন মঞ্জুর করেছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## রিমান্ড শুনানিতে `ওয়ান/ইলেভেন, প্রসঙ্গ, অভিযোগ অস্বীকার মাসুদ উদ্দিনের

মিরপুরে দেলোয়ার হোসেন হত্যা মামলায় অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরী র রিমান্ড শুনানি ঘিরে আদালতে উঠে আসে ২০০৭ সালের `ওয়ান/ইলেভেন, সময়কার নানা বিতর্কিত প্রসঙ্গ। রাষ্ট্রপক্ষ ওই সময়ের রাজনৈতিক পটপরিবর্তনে তার ভূমিকা নিয়ে গুরুতর অভিযোগ তুললেও , তা সরাসরি অস্বীকার করে আসামিপক্ষ। সোমবার (২৭ এপ্রিল) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মনিরুল ইসলামের আদালতে শুনানি অনুষ্ঠিত হয়। শুনানির এক পর্যায়ে রাষ্ট্রপক্ষ দাবি করে , ২০০৭ সালের সেনা-সমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের সময়কার ঘটনাপ্রবাহে মাসুদ উদ্দিন চৌধুরীর গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। এমনকি সে সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজনৈতিক প্রতিপক্ষ তারে ক রহমানকে নির্যাতনের ঘটনায়ও তার সম্পৃক্ততার অভিযোগ আনা হয়। তবে এসব অভিযোগ অস্বীকার করে কাঠগড়ায় দাঁড়িয়ে মাসুদ উদ্দিন চৌধুরী বলেন, অভিযোগগুলো সম্পূর্ণ ভিত্তিহীন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## মানবতাবিরোধী অপরাধ; সাবেক এমপি গোলাপকে গ্রেফতার দেখালো ট্রাইব্যুনাল

জুলাই গণ -অভ্যুত্থানের সময় মাদারীপুরে হত্যার ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক এমপি আবদুস সোবহান মিয়া গোলাপকে গ্রেফতার দেখিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। সোমবার (২৭ এপ্রিল) ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরী র নেতৃত্বাধীন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচারিক প্যানেল এই আদেশ দেন। ট্রাইব্যুনালে রাষ্ট্রপক্ষে শুনানি করেন প্রসিকিউটর ফারুক আহাম্মদ। তিনি এ মামলায় মাদারীপুর -৩ আসনের সাবেক এমপি ও আওয়ামী লীগ নেতা আবদুস সোবহান গোলাপকে গ্রেফতার দেখানোর আবেদন করেন। শুনা নি শেষে তাকে গ্রেফতার দেখিয়ে কারাগারে পাঠানো র নির্দেশ দেন ট্রাইব্যুনাল। একইসঙ্গে পরবর্তী শুনানির জন্য আগামী ৪ মে দিন ধার্য করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## জুলাই সনদকে অপ্রয়োজনীয় বলায় সংসদে হইচই

জুলাই জাতীয় সনদকে অপ্রয়োজনীয় বলা নিয়ে জাতীয় সংস দ অধিবেশনে হইচই হয়েছে। সোমবার (২৭ এপ্রিল) মাগরিবের নামাজের বিরতির আগে এ ঘটনা ঘটে। এসময় রাষ্ট্রপতির ভাষণের ওপর আনা ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে বিএনপির সংসদ সদস্য মঞ্জুরুল করিম এক পর্যায়ে বিরোধীদলের উদ্দেশ্যে বলেন, ”এই সংসদের প্রথম দিন থেকেই আননেসেসা রি (অপ্রয়োজনীয়) একটি জু লাই সনদ নিয়ে বিতর্ক শুরু করেছে। „ মঞ্জুরুল করিমের বক্তব্যের পর পয়েন্ট অব অর্ডারে দাঁড়ান জামায়াতে ইসলামীর সংসদ সদস্য নূরুল ইসলাম। তিনি জুলাই গণ-অভ্যুত্থানের ধারাবাহিকতায় বর্তমা ন সরকার গঠন হয়েছে জানিয়ে বলেন , ”আজকে এই মহান সংসদে জুলাইকে অপ্রয়োজনীয় বলা হয়েছে, এটি কোনোভাবেই গ্রহণযোগ্য হতে পারে না। জুলাই সনদকে অপ্রয়োজনীয় বলা হয়েছে। এসময় সংসদ সদস্যরা হইচই শুরু করেন। তখন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ তাদের উদ্দেশ্যে বলেন , ”আপনারা যা কিছু বলবেন , স্পিকারকে উদ্দেশ্য করে বলবেন। সদস্যবৃন্দ এখানে তো বিভিন্ন দলের প্রতিনিধি। প্রত্যেকের কি একই অনুভব হতে পারে ? গণতন্ত্রের সৌন্দর্য হলো মতভিন্নতা। সুতরাং এ বাক্‌স্বাধীনতার সফলতা নিয়ে , বাক্‌স্বাধীনতার কারণে যে যার বক্তব্য খোলাখুলিভাবে জাতীয় সংসদে প্রকাশ করতে পারেন। „ তারপরও সংসদ সদস্যরা হইচই করতে থাকেন। তখন হা ফিজ উদ্দিন আহমদ বলেন, ”যখন স্পিকার কথা বলেন, অনুগ্রহ করে সবাই চুপ করে বসে থাকবেন নিজের আসনে। আমি যেটা বলতে চাই , সবারই বাক্‌স্বাধীনতা আছে এবং যদি কোনো বক্তব্য আপনাদের পছন্দ না হয়, এরপরই তো আপনারা একজন বক্তব্য রাখবেন। এই বক্তব্যের বিরুদ্ধে আপনাদের মতামত প্রচার করতে পারেন। সুন্দর ও শালীনভাবে যে যার বক্তব্য জাতীয় সংসদে রাখবেন , এটাই আমরা আশা করি। অহেতুক একজন বক্তাকে কেউ বিরক্ত করবেন না। আপনার সুযোগ যখন আসবে , আপনি বক্তব্য সুবিধামতো দেবেন।„ এরপর মাগরিবের নামাজের জন্য অধিবেশনে বিরতি দেওয়া হয়। বিরতির পরে ডেপুটি স্পি কার কায়সার কামালের সভাপতিত্বে অধিবেশন শুরু হলে চিফ হুইপ নূরুল ইসলাম বলেন , তিনি সংসদ সদস্য মঞ্জুরুল করিমকে বিষয়টি নিয়ে জিজ্ঞাসা করেছেন। ওই সদস্য বলেছেন , অপ্রয়োজনীয় বিতর্ক করা যাবে না। প্রয়োজন হলে এটি এক্সপাঞ্জ করে দেওয়ার কথা বলেন তিনি। পরে ডেপুটি স্পিকার কায়সার কামাল বলেন, বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে যথাযথ পদক্ষেপ নেওয়া হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## তেজগাঁওয়ে অভিযানে গ্রেফতার ৫৬

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) তেজগাঁও বিভাগের বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় অভিযান চালিয়ে বিভিন্ন অপরাধে জড়িত ৫৬ জনকে গ্রেফতার করা হয়েছে। সোমবার (২৭ এপ্রিল) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার এন এম নাসিরুদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। তেজগাঁও বিভাগের বরাত দিয়ে এন এম নাসিরুদ্দিন বলেন, সোমবার (২৭ এপ্রিল) বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় নিয়মিত অভিযান পরিচালনা করে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারদের মধ্যে তেজগাঁও থানা এলাকার চারজন , শের-ই-বাংলা নগর থানা এলাকার দু ইজন, মোহাম্মদপুর

থানা এলাকার ২৭ জন, আদাবর থানা এলাকার সাতজন, তেজগাঁও শিল্পাঞ্চল থানা এলাকার ছয়জন ও হাতিরঝিল থানা এলাকার ১০ জন রয়েছে। গ্রেফতারদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান ডিএমপির এ কর্মকর্তা।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## সংসদে বক্তা সংকট, কারণ জানালেন চিফ হুইপ

জাতীয় সংসদের আজকের অধিবেশনে বক্তা সংকট দেখা দিয়েছে। সংসদে প্রধানমন্ত্রী উপস্থিতি না থাকায় এমনটি হয়েছে বলে জানিয়েছেন চিফ হুইপ নূরুল ই সলাম মনি। তিনি বলেন , প্রধানমন্ত্রী সংসদে উপস্থিত থাকলে সংসদ সদস্যরা বক্তব্য দিতে বেশি আগ্রহী হন , কিন্তু তিনি না থাকলে সেই আগ্রহ কমে যায়। সোমবার (২৭ এপ্রিল) সংসদ অধিবেশনে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সঙ্গে কথোপকথনে বিষয়টি তুলে ধরেন তিনি। সংসদে বক্তব্য দেওয়ার তালিকার কথা উল্লেখ করে চিফ হুইপের উদ্দেশ্য স্পিকার বলেন , "এই যে তালিকা দেন , প্রথমে ছাপানো তারপরে হাতে লেখা, কিন্তু বক্তা তো পাওয়া যায় না।„ এর জবাবে চিফ হুইপ বলেন, "মাননীয় স্পিকার, আজ সংসদ সদস্যদের যে তালিকা দিয়েছি, সবার সঙ্গে আমার কমবেশি কথা হয়েছে এবং আমা দের হুইপরা সবার সঙ্গে কথা বলেছেন। কথা বলেই তালিকা দেওয়া হয়েছে এবং তারা সবাই ভালো করেই জানেন। কিন্তু একটা সমস্যা হয়েছি কী মাননীয় স্পিকার , আজ মাননীয় প্রধানমন্ত্রী সংসদে উপস্থিত নেই। মাননীয় প্রধানমন্ত্রী সংসদের প্রাণ , উনি থাকলে সবাই তার বক্তব্য শুনতে চান। এজন্য আমরা অনেক বক্তা পাই না। „ তিনি আরও বলেন, "আজ সংসদ সদস্য যারা আছেন , তারা যদি বক্তব্য রাখেন, আমরা চেষ্টা করবো মাননীয় প্রধানমন্ত্রীর কাছে বক্তব্য পৌঁছে দেওয়ার।„
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর কাছে চাঁদাবাজ-দুর্নীতিবিরোধী কার্ড চাইলেন আসিফ মাহমুদ

প্রধানমন্ত্রী তারেক রহমানের কাছে চাঁদাবাজবিরোধী এবং দুর্নীতিবিরোধী কার্ড চেয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। তিনি বলেন , "দেশের যে-কোনো সমস্যা সমাধানে আমাদের প্রধানমন্ত্রী একটাই কাজ করছেন , সেটা হচ্ছে কার্ড। বর্ত মান বাংলাদেশের সবচাইতে বড়ো সমস্যা হচ্ছে চাঁদাবাজি এবং দুর্নীতি। এর থেকে মুক্তি পাওয়ার জন্য তাহলে প্রধানমন্ত্রীকে বলবো , আমাদের চাঁদাবাজ এবং দুর্নীতিবিরোধী কার্ড দেন।„ সোমবার (২৭ এপ্রিল) সন্ধ্যায় এনসিপির অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে দলের ঢাকা মহানগর দক্ষিণে র নবগঠিত আংশিক কমিটির সংবর্ধনা অনুষ্ঠানে আসিফ মাহমুদ এসব কথা বলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## আগামী সপ্তাহের মধ্যে লোডশেডিং পরিস্থিতির উন্নতি হবেঃ বিদ্যুৎমন্ত্রী

আগামী সপ্তাহের মধ্যে বিদ্যুতের লোডশেডিং পরিস্থিতির উন্নতি হবে বলে জানিয়ে ছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। আজ সোমবার দুপুরে রাজধানীর গুলশানে চতুর্থ বাংলাদেশ চায়না রিনিবল এনার্জি ফোরাম শীর্ষক সেমিনারে তিনি এ কথা জানান। মন্ত্রী বলেন , নবায়নযোগ্য জ্বালানির উৎপাদন বাড়াতে সরকার নানামুখী উদ্যোগ নিচ্ছে। নবায়নযোগ্য জ্বালানি খাতে আগামী ৫ বছরে ১০ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করতে চায় সরকার। (রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ আসাদ)

## বর্তমান সরকার গণমাধ্যমের পূর্ণ স্বাধীনতা নিশ্চিতে বদ্ধপরিকর

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন , বর্তমান সরকার গণ মাধ্যমের পূর্ণ স্বাধীনতা নিশ্চিতে বদ্ধপরিকর। একইসঙ্গে ভুল তথ্য ও অপতথ্যের ঝুঁকি থেকে জনগণকে সুরক্ষা দেওয়াও সমান জরুরি। তথ্যমন্ত্রীর সঙ্গে বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট টি . ক্রিস্টেনসেন সৌজন্য সাক্ষাৎ করতে গেলে এসব কথা বলেন তিনি। সোমবার সকালে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে মন্ত্রীর অফিস কক্ষে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাতে পারস্পরিক সম্পর্ক জোরদারসহ দুই দেশের গণমাধ্যম, সংস্কৃতি ও জ্ঞানভিত্তিক সহযোগিতা বৃদ্ধি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে তথ্যমন্ত্রী বর্তমান প্রযুক্তিনির্ভর বিশ্বে ডিজিটাল প্ল্যা টফর্মগুলোকে একটি নিয়মনীতি ও শৃঙ্খলার মধ্যে আনার উপরও জোর দেন। তিনি বলেন, ডিজিটাল প্ল্যাটফর্মের অপব্যবহার রোধে বিশ্বের সকল দেশকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। মন্ত্রী সংবাদপত্রের স্বাধীনতার পাশাপাশি স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতে প্রয়োজনীয়তার কথাও উল্লেখ করেন। জহির উদ্দিন স্বপন মার্কিন রাষ্ট্রদূতকে জানান , সরকার গণমাধ্যমের বিভিন্ন অংশীজনের সঙ্গে নিয়মিত বৈঠক করছে। এসব বৈঠক থেকে পাওয়া প্রস্তাব পর্যালোচনা করে কার্যকর একটি কর্মপরিকল্পনা বা `রোডম্যাপ, তৈরি করা হবে। এক্ষেত্রে তিনি যুক্তরাষ্ট্রের কারিগরি ও পেশাদার সহযো গিতা কামনা করেন। এসময় মার্কিন রাষ্ট্রদূত জানান , যুক্তরাষ্ট্র বাংলাদেশি শিক্ষার্থী ও পেশাজীবীদের দক্ষতা বৃদ্ধিতে বিভিন্ন বিশেষায়িত ক্যাটাগরিতে নিয়মিত বৃত্তি দিয়ে থাকে। এর মাধ্যমে বাংলাদেশের তরুণ সমাজ ও পেশাজীবীরা বিশেষভাবে উপকৃত হতে পারেন বলে তিনি মন্তব্য ক রেন। বৈঠকে তথ্যমন্ত্রী সম্প্রতি যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় দুই বাংলাদেশি শিক্ষার্থীর মর্মান্তিক হত্যাকাণ্ডের ঘটনায় সুষ্ঠু বিচার হবে বলে আশাবাদ

ব্যক্ত করেন। মার্কিন দূতাবাসের প্রতিনিধি দল এসময় তথ্যমন্ত্রীকে অবহিত করেন যে , ওই ঘটনায় অভিযুক্ত হত্যাকারীকে ইতোমধ্যে গ্রেফতার করা হয়েছে। বৈঠকে মার্কিন দূতাবাসের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ আসাদ)

## লিগ্যাল এইড সুবিধা মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে চায় সরকার: আইনমন্ত্রী

জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষ্যে ঢাকার কড়াইল বস্তিতে আজ আনুষ্ঠানিকভাবে ভ্রাম্যমাণ লিগ্যাল এইড ক্যাম্প উদ্বোধন করেছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। এ সময় তিনি জানান , সরকারের লক্ষ্য হলো - দেশের প্রতিটি মানুষের দোরগোড়ায় লিগ্যাল এইড সুবিধা পৌঁছে দেওয়া । আইনমন্ত্রী বলেন , গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উদ্যোগে পরিচালিত এই কর্মসূচিতে জার্মান সরকার অংশীদার হিসেবে যুক্ত রয়েছে এবং তাদের আর্থিক ও কারিগরি সহায়তায় সারা দেশে এটি বাস্তবায়ন করা হবে। তিনি আশা প্রকাশ করেন, এই যৌথ উদ্যোগ দেশের প্রান্তিক মানুষের জন্য ন্যায়বিচার নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে । তিনি উল্লেখ করেন , ১৯৯৪ সালে তৎকালীন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার হাত ধরে বাংলাদেশে লিগ্যাল এইড কার্যক্রমের সূচনা হয় । পরবর্তীতে তারেক রহমানের উদ্যোগে অন্তর্বর্তীকালীন সরকারের অধ্যাদেশকে আইনে রূপান্তর করা হয় এবং বর্তমান সংসদ অধিবেশনেই লিগ্যাল এইড আইন পাস হয়েছে। আইনমন্ত্রী জানান, নতুন এই কর্মসূচির আওতায় শুধু দরিদ্র ও অসহায় মানুষই নয়, বরং রাজনৈতিক সহিংসতা ও নির্যাতনের শিকার ব্যক্তি, পঙ্গুত্ববরণকারী, মামলায় জর্জরিত নাগরিকদেরও অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া, জুলাইয়ের গণ-অভ্যুত্থানে ক্ষতিগ্রস্ত পরিবার, শহিদদের স্বজন এবং আহতদের জন্যও আইনি সহায়তা নিশ্চিত করা হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ আসাদ)

## ইভিএম প্রকল্পে দুর্নীতি তদন্ত করছে দুদক: মির্জা ফখরুল

এলজিআরডি মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন , ”আওয়ামী লীগ সরকারের আমলে কোটি কোটি টাকা ব্যয়ে কেনা ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) প্রকল্পে ভয়াবহ অনিয়ম ও দুর্নীতির অভিযোগ তদন্ত করছে দুদক। একইসঙ্গে অডিট অধিদপ্তর প্রকল্পটিতে বিভিন্ন আর্থিক অনিয়মের আপত্তি তুলেছে , যা এখনো নিষ্পত্তি হয়নি।„ সোমবার জাতীয় সংসদে পাবনা-৫ আসনের সংসদ সদস্য মো. শামছুর রহমান শিমুল বিশ্বাসের এক প্রশ্নের জবাবে তিনি এস ব তথ্য জানান। সংসদকে জানানো হয়, জুলাই ২০১৮ থেকে জুন ২০২৪ মেয়াদে ১ লাখ ৫০ হাজার ইভিএম কেনার জন্য ৩৮২৫.৩৪ কোটি টাকার একটি প্রকল্প বাস্তবায়িত হয়েছে। এ ইভিএমগুলো অর্পিত ক্রয় পদ্ধতিতে বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে ক্রয় করা হয়েছিল। প্রকল্পটি গত বছরের জুন মাসে আনুষ্ঠানিকভাবে সমাপ্ত হয়। মির্জা ফখরুল বলেন, ”প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন ১৩ মে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে পাঠানো হলেও, এখন পর্যন্ত তার মূল্যায়ন প্রতিবেদন পাওয়া যায়নি । তবে অডিট অধিদপ্তর এ প্রকল্পে বড়ো ধরনের বেশ কিছু অডিট আপত্তি উত্থাপন করেছে। এ আপত্তিগুলো বর্তমানে নিষ্পত্তির অপেক্ষায় রয়েছে।„ সংসদে দেওয়া তথ্যানুযায়ী, ১০ জুলাই ২০২৫ তারিখে অনুষ্ঠিত নির্বাচন কমিশনের ১২৫তম সভায় একটি নীতিগত সিদ্ধান্ত হয়েছে। সে সিদ্ধান্ত অনুযায়ী, আগামীতে জাতীয় বা স্থানীয় পর্যায়ের কোনো নির্বাচনে আর ইভিএম ব্যবহার করা হবে না। বর্তমানে এ ইভিএমগুলো বিভিন্ন গোডাউন এবং বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরির হেফাজতে রয়েছে। প্রশ্নোত্তর পর্বে শিমুল বিশ্বাস ইভিএম ক্রয়ের মাধ্যমে জনগণের ট্যাক্সের অর্থ অপচয়ের জন্য দায়ীদের বিরুদ্ধে তদন্ত ও আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানান। এর প্রেক্ষিতে জানানো হয়, পুরো বিষয়টি নিয়ে দুর্নীতি দমন কমিশনের তদন্ত চলমান রয়েছে এবং অডিট আপত্তির ভিত্তিতে পরবর্তী আইনি পদক্ষেপ প্রক্রিয়াধীন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ আসাদ)

## শাহজালালসহ দেশের সব বিমানবন্দরে নিরাপত্তা জোরদার

দেশের গুরুত্বপূর্ণ স্থাপনায় সম্ভাব্য জঙ্গি হামলার সতর্কতা জারির পর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ দেশের আটটি বিমানবন্দরে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। সোমবার বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ বেবিচক চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মোস্তফা মাহমুদ সিদ্দিক বিষয়টি নিশ্চিত করেছেন। সংশ্লিষ্ট সূত্র জানায়, সাম্প্রতিক নিরাপত্তা ঝুঁকির প্রেক্ষাপটে বিমানবন্দরগুলোর গুরুত্বপূর্ণ প্রবেশপথ , টার্মিনাল এলাকা ও সংবেদনশীল স্থাপনায় অতিরিক্ত নিরাপত্তা সদস্য মোতায়েন করা হয়েছে। একইসঙ্গে বাড়ানো হয়েছে গোয়েন্দা নজরদারি। পুলিশ সদর দপ্তর থেকে জারি করা সতর্কবার্তার পর উচ্চমাত্রার সতর্কতা জারি করে বিমানবন্দরে কর্মরত আইন-শৃঙ্খলা বাহিনীর সব ইউনিটকে বিশেষ নির্দেশনা দিয়েছে বেবিচক। পাশাপাশি , বিমানবন্দরের অ্যারাইভাল ও ডিপারচার উভয় এলাকায় তল্লাশি জোরদার করা হয়েছে। পোশাকে ও সাদা পোশাকে অতিরিক্ত স দস্য মোতায়েন করা হয়েছে এবং সন্দেহজনক কিছু দেখা গেলে , তাৎক্ষণিক রিপোর্ট করার নির্দেশ দেওয়া হয়েছে। এর আগে , পুলিশ সদর দপ্তরের এক চিঠিতে জানানো হয় , নিষিদ্ধ ঘোষিত একটি উগ্রবাদী সংগঠনের সদস্যদের সম্ভাব্য নাশকতার পরিকল্পনার তথ্য পাওয়া গেছে। তাদের লক্ষ্যবস্তু হতে পারে জাতীয় সংসদ ভবন , আইন-শৃঙ্খলা বাহিনীর স্থাপনা , ধর্মীয় উপাসনালয় ও গুরুত্বপূর্ণ জনসমাগমস্থল। (রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ আসাদ)

## নারীদের স্নাতক ও ডিগ্রি পর্যন্ত শিক্ষা বিনামূল্যে করার ঘোষণা প্রধানমন্ত্রীর

মেয়েদের শিক্ষাব্যবস্থা স্নাতক ও ডিগ্রি পর্যন্ত বিনামূল্যে করার ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার বিকেলে যশোর ঈদগাহ ময়দানে জেলা বিএনপি আ য়োজিত জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ ঘোষণা দেন। প্রধানমন্ত্রী বলেন, দেশনেত্রী বেগম খালেদা জিয়া ১৯৯১ থেকে ৯৬ সাল পর্যন্ত যখন দেশ পরিচালনার দায়িত্বে ছিলেন, মা-বোনদের শিক্ষিত করার জন্য শিক্ষাব্যবস্থা মেট্রিক পর্যন্ত ফ্রি করে দিয়েছিলেন। পরবর্তীতে দেশনেত্রী খালেদা জিয়া যখন ২০০১ থেকে ২০০৬ পর্যন্ত ক্ষমতায় ছিলেন, তখন ইন্টারমিডিয়েট পর্যন্ত শিক্ষাব্যবস্থা ফ্রি করে দিয়েছিলেন। তার অসমাপ্ত কাজ পূরণের লক্ষ্যে আমরা সিদ্ধান্ত নিয়েছি, মেয়েদের শিক্ষাব্যবস্থা স্নাতক ও ডিগ্রি পর্যন্ত বিনামূল্যে করব। এ সময় জনগণের শান্তি ন ষ্ট করে হরতাল করার সুযোগ কাউকে দেয়া হবে না বলেও মন্তব্য করে তারেক রহমান। জামায়াতের নেতাদের প্রতি ইঙ্গিত করে তারেক রহমান বলেন, বিএনপিকে যারা ফ্যাসিবাদের দোসর বলে, তারই ফ্যাসিবাদের সঙ্গে গোপনে বৈঠক করছে। যারা স্বৈরাচারের সঙ্গে ঢাকার বাইরে মিটিং করে তারা জনগণে র জন্য কখনো কাজ করে না। যারা ১৯৭১ ও ২০০৮ সালে মানুষকে বিভ্রান্ত করেছে, তারা ২০২৬ সালেও মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছে। তাদের বিষয় সতর্ক থাকতে হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ আসাদ)

## রূপপুর পারমানবিক কেন্দ্রে জ্বালানি লোডিং শুরু মঙ্গলবার, আগস্টে পারমাণবিক বিদ্যুৎ পাবে দেশ

দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটিয়ে আগামী ২৮ এপ্রিল মঙ্গলবার থেকে পাবনার রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে শুরু হতে যাচ্ছে জ্বালানি লোডিং কার্যক্রম। এর মধ্য দিয়েই মূলত শুরু হবে পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনের প্রক্রিয়া। আর আগস্টের মাঝামাঝি সময়ে জাতীয় গ্রিডে যুক্ত হবে এ বিদ্যুৎ। তবে, প্রথম ধাপে দেশের একমাত্র পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র থেকে আগস্টের মাঝামাঝিতে জাতীয় গ্রিডে যুক্ত হচ্ছে পারমাণবিক বিদ্যুৎ, মিলবে ৩০০ মেগাওয়াট বিদ্যুৎ। রোববার এ তথ্য জানিয়েছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ফকির মাহবুব আনাম। মন্ত্রী বলেন, ২০২৭ সালের জানুয়ারিতে প্রথম ইউনিট থেকে ১১০০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত হবে। ২৭ সালের জুনে দ্বিতীয় ইউনিটে ফুয়েল লোডিং শুরু হবে। ২৭ সালের সেপ্টেম্বর নাগাদ রুপপুর থেকে জাতীয় গ্রিডে ২২০০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত হওয়ার আশা করা হচ্ছে। এদিকে, সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, সময় স্বল্পতার কারণে এই উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশের প্রধানমন্ত্রী বা রাশিয়ার প্রেসিডেন্ট উপস্থিত থাকতে পারছেন না। তবে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ফকির মাহবুব আনাম এবং রাশিয়া র সংশ্লিষ্ট মন্ত্রী ও উচ্চপর্যায়ের প্রতিনিধিরা প্রকল্প এলাকায় উপস্থিত থেকে আনুষ্ঠানিকভাবে এই কার্যক্রমের উদ্বোধন করবেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ আসাদ)

## আদানির বন্ধ ইউনিট চালু, পূর্ণ সক্ষমতায় বিদ্যুৎ সরবরাহ শুরু

কারিগরি ত্রুটি মেরামতের পর, ভারতের আদা নি গ্রুপের কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্রের একটি ইউনিট পুনরায় চালু হয়েছে। এর ফলে, এখন কেন্দ্রটির দুটি ইউনিট থেকেই পূর্ণ সক্ষমতায় বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। সোমবার সন্ধ্যা ৭টা ৪৭ মিনিটে কেন্দ্রটির বন্ধ ইউনিটটি জাতীয় গ্রিডে পুনঃসংযুক্ত হয় বলে জানিয়েছে পাওয়ার গ্রি ড বাংলাদেশ পিএলসির ঊর্ধ্বতন এক কর্মকর্তা। এর আগে, মঙ্গলবার দিনগত রাতে একটি ইউনিটে কারিগরি ত্রুটি দেখা দিলে, সেটি বন্ধ করে দেওয়া হয়। এতে জাতীয় গ্রিডে চাপ বেড়ে যায় এবং বিভিন্ন এলাকায় লোডশেডিংয়ের ঘটনা ঘটে। ভারতের ঝাড়খণ্ডে নির্মিত আদানির এ কয়লাভিত্তিক বিদ্যুৎকে ন্দ্রটির মোট উৎপাদনক্ষমতা এক হাজার ৬০০ মেগাওয়াট। এখানে ৮০০ মেগাওয়াট ক্ষমতার দুটি ইউনিট রয়েছে। ২০১৭ সালে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এ কেন্দ্র থেকে বিদ্যুৎ কেনার জন্য চুক্তি করে। বিপিডিবি সূত্র জানায়, ত্রুটি দেখা দেওয়ার আগে কেন্দ্রটি গড়ে প্রায় দেড় হাজার মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করছিল। তবে একটি ইউনিট বন্ধ হয়ে যাওয়ার পর উৎপাদন কমে ৭৫০ থেকে ৭৭০ মেগাওয়াটে নেমে আসে। এখন বন্ধ ইউনিটটি চালু হওয়ায় সরবরাহ আবার স্বাভাবিক হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ আসাদ)

## সৌদি নেতৃত্বের প্রতি সংহতি ঢাকার

চলমান মধ্যপ্রাচ্য সংকটের মধ্যে সৌদি আরবের প্রতি সংহতির বার্তা জানিয়েছে বাংলাদেশ। একইসঙ্গে অর্থনীতি ও জ্বালানি খাতে দ্বিপক্ষীয় সহযোগিতা সম্প্রসারণে আগ্রহ প্রকাশ করেছে ঢাকা। আজ রিয়াদে প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির সৌদি আরবের উপ -পররাষ্ট্রমন্ত্রী ইঞ্জিনি য়ার ওয়ালিদ আবদুল করিম আল -খুরাইজির সঙ্গে সাক্ষাৎকালে এ আগ্রহের কথা জানান। বৈঠকে প্রধানমন্ত্রী তারেক রহমানের বিশেষ দূত হিসেবে দায়িত্ব পালনকারী হুমায়ুন কবির সৌদি আরবের যুবরাজ ও প্রধানমন্ত্রী প্রিন্স মোহাম্মদ বিন সালমানের কাছে প্রধানমন্ত্রীর পাঠানো সংহতির বার্তা হস্তান্তর করেন। উপদেষ্টা বলেন, মধ্যপ্রাচ্যের এই সংকটময় সময়ে বাংলাদেশ সরকার ও জনগণ সৌদি আরবের পাশে দৃঢ়ভাবে রয়েছে। তিনি অর্থনীতি ও জ্বালানি খাতসহ বিভিন্ন ক্ষেত্রে নতুন সহযোগিতার সুযোগ অনুসন্ধানের মাধ্যমে দ্বিপক্ষীয় সম্পর্ক আরও জোরদার ও বহুমুখী করার ব্যাপা রেও বাংলাদেশের আগ্রহের কথা তুলে ধরেন। হুমায়ুন কবির আরও জানান, প্রধানমন্ত্রী তারেক রহমান সৌদি আরবের বাদশাহ ও দুই পবিত্র মসজিদের খাদেম এবং যুবরাজ

মোহাম্মদ বিন সালমানকে সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানিয়েছেন। সৌদি উপ -পররাষ্ট্রমন্ত্রী বাংলাদেশি দূতকে স্বাগত জানান এবং এই সংকটময় সময়ে সৌদি আরবের প্রতি বাংলাদেশের সমর্থনের জন্য তার সরকারের পক্ষ থেকে কৃতজ্ঞতা প্রকাশ করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৪.২০২৬ আসাদ)

# BBC

**TRUMP SAYS KING WILL BE 'VERY SAFE' DURING US VISIT AFTER SECURITY TALKS**

Donald Trump has said King Charles III will "be very safe" during his state visit to the US, which is due to begin later on Monday. Further security talks took place between the White House and Buckingham Palace after a gunman gained access to an event attended by Trump in Washington DC on Saturday. Asked about the security implications for the royal visit, the US president told CBS' 60 Minutes on Sunday that the grounds of the White House, where King Charles will visit, are "really safe". The King and Queen's programme will go ahead largely as planned, Buckingham Palace said, with the UK government hoping it could ease diplomatic tensions. The UK's ambassador to the US, Sir Christian Turner, said the visit would be about "renewing and revitalising a unique friendship" between the two countries. He said Prime Minister Sir Keir Starmer had spoken to Trump on Sunday, and the trip would proceed largely as expected. The King and Queen privately reached out to the Trumps to give their sympathies after the attack, during which a Secret Service agent was lightly injured and the president and his wife were rushed to safety.
(BBC Web page : 27.04.2026 Ali Ahmed)

**UKRAINE'S DRONE COMMANDER HAS RUSSIAN OIL, TROOPS & MORALE IN HIS SIGHTS**

"We're like a red rag to the enemy. Because we're taking the war to their territory so that they feel it too," the Ukrainian soldier says, as his unit scramble to assemble long-range drones for launch at Russia. Ukraine has been intensifying its deep strikes like this for several weeks, targeting oil export facilities, in particular, like never before. Now, in a rare interview, the commander of all Ukraine's unmanned systems has told the BBC such attacks will escalate and claimed his drone forces are also holding back Russia's advance along the frontline by killing a record number of soldiers. "1,500 to 2,000km (930-1,240 miles) inside Russian territory is no longer the 'peaceful rear'," Robert Brovdi warns. "The freedom-loving Ukrainian 'bird' flies there whenever and wherever it wants." At the secret launch site, a drizzly field in eastern Ukraine, the long-range drones are primed and we're ordered back to a safe distance. The team work quickly before Russian forces can detect them and send ballistic missiles hurtling towards us. There's a shouted command, loud revs of an engine and a flash of white as the first device tears into the sky towards Russia like a mini jet plane.
(BBC Web page : 27.04.2026 Ali Ahmed)

**PERFORMER DESCRIBES LOCKING EYES WITH TRUMP AS THEY DUCKED FOR COVER DURING SHOOTING**

A shocked performer has described locking eyes with US President Donald Trump as they ducked for cover after shots were fired at the White House Correspondents' Association dinner on Saturday night in Washington DC. Oz Pearlman - a self-described "mentalist" performing mind tricks - told the BBC he was talking to Trump, First Lady Melania Trump and White House press secretary Karoline Leavitt when the attack happened. "I went down very quickly. And then the Secret Service brought President Trump down: I would say very effectively - but quite violently," he said. "We were about half-a-metre apart… face-to-face looking at each other on the ground, when I'm hearing shots and thinking to myself, 'We're about to die.'"(BBC Web page : 27.04.2026 Ali Ahmed)

**KIM JONG UN OPENS MEMORIAL FOR N KOREAN SOLDIERS KILLED IN UKRAINE WAR**

North Korean leader Kim Jong Un and Russian Defence Minister Andrey Belousov have unveiled a memorial in Pyongyang for North Koreans who have died fighting in the Ukraine war. Military jets flew overhead and white balloons were released into the air as Kim and Belousov unveiled a statue and opened a memorial museum. It is not known how many North Korean soldiers are fighting against Ukraine, but South Korean intelligence estimates that at least 15,000 have been sent to help Russia recapture parts of western Kursk. Seoul also estimates that about 2,000 North Koreans have died in the conflict - neither Pyongyang

nor Russia have provided any official numbers. In return for providing soliders, it is believed North Korea has received food, money and technical help from Moscow. The opening of the Memorial Museum of Combat Feats at the Overseas Military Operations on Sunday coincided with what Russia described as the first anniversary of its recovery of parts of Kursk. (BBC Web page : 27.04.2026 Ali Ahmed)

**SRI LANKAN MONKS ARRESTED AFTER 110KG OF CANNABIS DISCOVERED IN THEIR LUGGAGE**

Twenty-two monks have been arrested at an airport in Sri Lanka after officials discovered 110kg (242lbs) of cannabis concealed in their luggage. Customs officials said each monk was found with around 5kg of Kush - a particularly potent form of the drug - hidden within "false walls" in their luggage when they arrived in the capital Colombo on Saturday. The monks, who were mainly students, were returning from Thailand after being treated to an all-expenses-paid four-day holiday by an unnamed sponsor when they were detained. A 23rd monk, believed to have organised the trip, has since been arrested in a suburb of Colombo, police told BBC Sinhala. According to the acting police spokesman, the monk - who did not join the trip - had told the other monks that "these parcels are a donation" and that a van would come to collect the packages. Sri Lanka's Police Narcotics Bureau discovered photos and videos on the mobile phones of some of the monks, who were from temples across Sri Lanka, showing them enjoying their break wearing casual clothing.

(BBC Web page : 27.04.2026 Ali Ahmed)

**REMEMBERING RAGHU RAI: THE PHOTOGRAPHER WHO SHOWED INDIA TO ITSELF**

Rich tributes continue to pour in for Raghu Rai, India's most celebrated photojournalist, following his death at the age of 83. Rai spent more than five decades documenting the country, capturing moments from political power to everyday life with striking clarity. From the aftermath of the gas tragedy in central India's Bhopal to the years of militancy in northern India's Punjab, which killed thousands in the 1980s, Rai's images shaped how India saw its most defining events. His work did not merely record history but shaped how a nation saw it. It helped define modern Indian photojournalism, earning global recognition and influencing generations of photographers. Rai began his career at The Statesman newspaper in 1966 and later worked as photo editor at India Today and Sunday magazines. He joined globally recognised photography agency Magnum Photos in 1977 - often seen as one of the highest recognitions in photography - with the support of pioneering French photographer Henri Cartier-Bresson, whose work had a lasting influence on him.

(BBC Web page : 27.04.2026 Ali Ahmed)

**FRENCH TEEN WHO LICKED VENDING MACHINE STRAW FACES JAIL IN SINGAPORE**

A French teenager who allegedly licked a straw from an orange juice vending machine and put it back into its dispenser has been charged with committing mischief and being a public nuisance in Singapore. Didier Gaspard Owen Maximilien, 18, had posted on Instagram a video of himself performing the act, according to local reports. The video was later widely circulated. The company that owns the vending machine, iJooz, says it replaced all 500 straws in the machine's dispenser after the alleged incident. If found guilty of both charges Maximilien faces a maximum jail sentence of more than two years and thousands of dollars in fines. The alleged incident took place on 12 March at a shopping centre in Singapore. Maximilien had posted his video as an Instagram Story with a caption stating "city is not safe", according to news reports. Many online had reacted with disgust to his video, which was reposted on a community page and picked up by local news outlets.

(BBC Web page : 27.04.2026 Ali Ahmed)

## :: THE END ::